গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

# বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০২৬

১ ফেব্রুয়ারি, ২০২৬ খ্রিস্টাব্দ

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**শিক্ষা মন্ত্রণালয়**
**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**

# বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০২৬

১। যেহেতু বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে (মাদ্রাসা) কর্মরত শিক্ষক ও কর্মচারীদের এমপিও সুষ্ঠুভাবে বন্টন, উপযুক্ত জনবল কাঠামো প্রণয়ন ও এতদসংক্রান্ত পদ্ধতি যুগোপযোগীকরণ প্রয়োজন, সেহেতু এ নীতিমালা প্রণয়ন করা হলো।

২। শিরোনাম: এ নীতিমালা **"বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) এর জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০২৬"** নামে অভিহিত হবে।

৩। নীতিমালার প্রয়োগ: এই নীতিমালা দেশের অভ্যন্তরে অবস্থিত সংযুক্ত ইবতেদায়ি মাদ্রাসা, দাখিল মাদ্রাসা, আলিম মাদ্রাসা, ফাযিল (পাস/ সম্মান) মাদ্রাসা এবং কামিল/ কামিল (মাস্টার্স) মাদ্রাসার ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৪। **সংজ্ঞা:**

৪.১ এমপিও প্রদানকারী কর্তৃপক্ষ: এ নীতিমালার অধীনে এমপিও প্রদানকারী কর্তৃপক্ষ বলতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগকে বুঝাবে।

৪.২ প্রতিষ্ঠান (Institute): প্রতিষ্ঠান বলতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক পাঠদানের অনুমতি/স্বীকৃতি/অধিভুক্তি প্রাপ্ত মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানকে বুঝাবে।

৪.৩ উদ্বৃত্তপদ: পূর্বের নীতিমালায় যে সকল পদ বিদ্যমান ছিলো কিন্তু এ নীতিমালায় নেই সে সকল পদকে বুঝাবে।

৪.৪ জনবল কাঠামো: জনবল কাঠামো বলতে অনুচ্ছেদ ৬.১ (ক) (খ) (গ) (ঘ) এ নির্ধারিত জনবলের পদবি ও পদসংখ্যাকে বুঝাবে।

৪.৫ এনটিআরসিএ: এনটিআরসিএ বলতে ২০০৫ সালের ১নং আইন দ্বারা প্রতিষ্ঠিত বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষকে বুঝাবে।

৪.৬ পরিশিষ্ট: নীতিমালার শেষাংশে পরিশিষ্ট হিসেবে সন্নিবেশিত তথ্যকে বুঝাবে, যা নীতিমালার অংশ হিসেবে বিবেচিত হবে।

৪.৭ এমপিও: এমপিও বলতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের অনুকূলে প্রতি মাসে প্রদত্ত অর্থের সরকারি অংশকে বুঝাবে, যা ট্রেজারি রুলসের অধীন সাবসিডিয়ারি রুল ২৫৬ এবং ৬১ এর বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে।

৪.৮ সরকার: সরকার বলতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-কে বুঝাবে।

৪.৯ (ক) পরিচালনা কমিটি: পরিচালনা কমিটি বলতে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত প্রযোজ্য শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি/ ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি/এডহক কমিটিকে বুঝাবে।

(খ) নির্বাহী কমিটি: নির্বাহী কমিটি বলতে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৪৮ এর বিধান অনুযায়ী গঠিত কমিটিকে বুঝাবে।

৪.১০ এমপিও মঞ্জুরকারী কর্তৃপক্ষ: এ নীতিমালার আওতায় 'এমপিও মঞ্জুরকারী কর্তৃপক্ষ' বলতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়কে বুঝাবে।

৪.১১ প্রতিষ্ঠান প্রধান: দাখিল মাদ্রাসার ক্ষেত্রে সুপারিনটেনডেন্ট; আলিম, ফাযিল(পাস/ সম্মান)এবং কামিল ও কামিল (মাস্টার্স) মাদ্রাসার ক্ষেত্রে অধ্যক্ষকে বুঝাবে।

৪.১২ আপীল এ্যান্ড আরবিট্রেশন কমিটি: দাখিল ও আলিম মাদ্রাসার ক্ষেত্রে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আপীল এ্যান্ড আরবিট্রেশন কমিটি এবং ফাযিল (পাস/ সম্মান) এবং কামিল ও কমিল (মাস্টার্স) মাদ্রাসার ক্ষেত্রে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের আপীল এ্যান্ড আরবিট্রেশন কমিটিকে বুঝাবে।

৪.১৩ সিটি কর্পোরেশন: স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ঘোষিত সিটি কর্পোরেশন এলাকাকে বুঝাবে।

৪.১৪ পৌর এলাকা: স্থানীয় সরকার বিভাগ কর্তৃক ঘোষিত পৌর এলাকাকে বুঝাবে।

৪.১৫ শহর এলাকা: শহর এলাকা বলতে সিটি কর্পোরেশন ও জেলা সদরের পৌরসভাকে বুঝাবে।

৪.১৬ মফস্বল: মফস্বল বলতে সিটি কর্পোরেশন ও জেলা সদরের পৌর এলাকা ব্যতীত অন্যান্য এলাকাকে বুঝাবে।

৪.১৭ ইনক্রিমেন্ট: এ নীতিমালায় ইনক্রিমেন্ট বলতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক নির্ধারিত বার্ষিক এমপিও বৃদ্ধির হারকে বুঝাবে।

৪.১৮ স্বীকৃত: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অনুমোদনক্রমে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক কোন প্রতিষ্ঠানের অনুকূলে একাডেমিক স্বীকৃত প্রদানকে বুঝাবে।

৪.১৯ অধিভুক্তি: অধিভুক্তি বলতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি)/ স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক কোন প্রতিষ্ঠানকে অধিভুক্তকরণ বোঝাবে।

৪.২০ জিএফআর: জিএফআর বলতে জেনারেল ফিন্যান্সিয়াল রুলসকে বুঝাবে।

৪.২১ ই.এফ.টি: ই.এফ.টি বলতে ইলেক্ট্রনিক ফান্ড ট্রান্সফার এর মাধ্যমে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি প্রদান বুঝাবে।

৪.২২ অধিদপ্তর: অধিদপ্তর বলতে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে বুঝাবে।

৫। **এমপিও প্রাপ্তির আবশ্যকীয় শর্তাবলি:**

৫.১ স্বীকৃতি/অধিভুক্তি: প্রতিষ্ঠানকে (মাদ্রাসা) অবশ্যই বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক হালনাগাদ স্বীকৃতি/অধিভুক্তি প্রাপ্ত হতে হবে।

৫.২ প্রাপ্যতা: এ নীতিমালার পরিশিষ্ট 'ক' অনুযায়ী শর্ত পূরণ করতে হবে।

৫.৩ কাম্য শিক্ষার্থী: এ নীতিমালার অনুচ্ছেদ ২২ এ বর্ণিত শিথিলযোগ্য প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য প্রতিষ্ঠানের এমপিওভুক্তির ক্ষেত্রে অবশ্যই নীতিমালার পরিশিষ্ট 'খ' অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক শিক্ষার্থী থাকতে হবে।

৫.৪ কাম্য পরীক্ষার্থী ও পাশের হার: এ নীতিমালার অনুচ্ছেদ ২২ এ বর্ণিত শিথিলযোগ্য প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য প্রতিষ্ঠানের এমপিওভুক্তির ক্ষেত্রে প্রতিষ্ঠানকে অবশ্যই পাবলিক পরীক্ষায় নীতিমালার পরিশিষ্ট 'গ' মোতাবেক কাম্য পরীক্ষার্থী থাকতে হবে ও ন্যূনতম পাশের হার অর্জন করতে হবে।

৫.৫ জনবল কাঠামো: সরকার অনুমোদিত জনবল কাঠামো অনুযায়ী শিক্ষক-কর্মচারী (পরিশিষ্ট-ঘ) নিয়োজিত থাকতে হবে। মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে সরকার অনুমোদিত জনবল কাঠামো অনুযায়ী শিক্ষক-কর্মচারী নিয়োগ থাকা সাপেক্ষে এমপিওভুক্তির বিবেচনায় আসবে।

৫.৬ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড অথবা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক অনুমোদিত ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি/ এডহক কমিটি থাকতে হবে।

৫.৭ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রযোজ্য ক্ষেত্রে এনটিআরসিএ এর সুপারিশ অনুসারে শিক্ষক এবং অন্যান্য ক্ষেত্রে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে এনটিআরসিএ এর আওতা বহির্ভূত পদে জনবল থাকতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে এনটিআরসিএ এর নিবন্ধনধারী ও নিয়োগের জন্য সুপারিশপ্রাপ্ত জনবল প্যাটার্নভুক্ত পদে নিয়োগকৃত থাকতে হবে/নিয়োগ করতে হবে।''

৫.৮ কোন প্রতিষ্ঠানের (মাদ্রাসা) স্বীকৃতি ও অধিভুক্তির জন্য প্রয়োজনীয় শর্ত পূরণ ঐ প্রতিষ্ঠানের এমপিওভুক্তি নিশ্চিত করবে না; সরকার আর্থিক সামর্থ্য অনুযায়ী প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করবে। আর্থিক সংশ্লেষ বিবেচনায় সকল ক্ষেত্রে অর্থ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে।

৫.৯ ট্রাস্ট/সংস্থা পরিচালিত কোনো শিক্ষা প্রতিষ্ঠানকে সংশ্লিষ্ট ট্রাস্ট/সংস্থার পূর্বানুমোদন ব্যতিরেকে এমপিওভুক্ত করা হবে না। ট্রাস্ট/সংস্থা পরিচালিত কোনো প্রতিষ্ঠানকে এমপিওভুক্তির জন্য আবেদন করতে হলে প্রতিষ্ঠান প্রধান ও ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতির যৌথ স্বাক্ষরে আবেদন দাখিল করতে হবে।

৫.১০ কোন প্রতিষ্ঠান এমপিওভুক্তির অনুকূলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের প্রত্যয়ন পত্র গ্রহণ করতে হবে।

৬। **নিয়োগ, যোগ্যতা এবং জনবল কাঠামো:-**

৬.১ বেসরকারি মাদ্রাসা সমূহের শিক্ষক ও কর্মচারীর জনবল কাঠামো নিম্নরূপ:

**ক. দাখিল মাদ্রাসা/দাখিল ভোকেশনাল মাদ্রাসা (১ম-১০ম):**

| ক্রমিক নং | পদবি | পদ সংখ্যা |
|---|---|---|
| ১ | সুপারিনটেনডেন্ট | ১ |
| ২ | সহকারী সুপারিনটেনডেন্ট | ১ |
| ৩ | সহকারী মৌলভী (আল কুরআন) | ১ |
| ৪ | সহকারী মৌলভী (আল হাদিস) | ১ |
| ৫ | সহকারী মৌলভী (আরবি) | ১ |
| ৬ | সহকারী মৌলভী (ফিকহ/আকাইদ/দাওয়া) | ১ |

| ক্রমিক নং | পদবি | পদ সংখ্যা |
|---|---|---|
| ৭ | সহকারী মৌলভী (ক্বারী) | ১ |
| ৮ | সহকারী শিক্ষক(বাংলা) | ১ |
| ৯ | সহকারী শিক্ষক (ইংরেজি) | ১ |
| ১০ | সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) | ১ |
| ১১ | সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ১ |
| ১২ | সহকারী শিক্ষক (গণিত) | ১ |
| ১৩ | সহকারী শিক্ষক (ভৌতবিজ্ঞান) | ১ |
| ১৪ | সহকারী শিক্ষক (জীব বিজ্ঞান) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ১ |
| ১৫ | সহকারী শিক্ষক (কৃষি) | ১ |
| ১৬ | সহকারী শিক্ষক (গার্হস্থ্য বিজ্ঞান) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ১ |
| ১৭ | সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ১ |
| ১৮ | সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) | ১ |
| ১৯ | সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান)/ সহকারী গ্রন্থাগারিক | ১ |
| ২০ | ট্রেড ইন্সট্রাক্টর<br>(কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত বৃত্তিমূলক/ভোকেশনাল ট্রেড কোর্স অনুমোদনপ্রাপ্ত ও চালু থাকলে যে কোনো ২টি ট্রেডের জন্য)। | প্রতি ট্রেডে ১ জন |
| ২১ | ইবতেদায়ি প্রধান | ১ |
| ২২ | ইবতেদায়ি শিক্ষক | ১ |
| ২৩ | ইবতেদায়ি মৌলভী | ২ |
| ২৪ | ইবতেদায়ি ক্বারী | ১ |
| ২৫ | কম্পিউটার ল্যাব অপারেটর (সরকার প্রদত্ত কম্পিউটার ল্যাব চালু থাকলে) | ১ |
| ২৬ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ১ |
| ২৭ | ট্রেড এ্যাসিসট্যান্ট<br>(কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত বৃত্তিমূলক/ভোকেশনাল ট্রেড কোর্স অনুমোদনপ্রাপ্ত ও চালু থাকলে যে কোনো ২টি ট্রেডের জন্য)। | প্রতি ট্রেডে ১ জন |
| ২৮ | ল্যাব সহকারী | ১ |
| ২৯ | অফিস সহায়ক | ১ |
| ৩০ | নিরাপত্তা কর্মী | ১ |
| ৩১ | পরিচ্ছন্নতা কর্মী | ১ |
| ৩২ | নৈশ প্রহরী | ১ |
| ৩৩ | আয়া (মহিলা মাদ্রাসার জন্য/ সহশিক্ষা চালু থাকলে) | ১ |
| | **মোট ৩৩ (তেত্রিশ) ধরনের পদ** | |

**খ. আলিম মাদ্রাসা/আলিম ভোকেশনাল মাদ্রাসা (১ম-১২শ):**

| ক্রমিক নং | পদবি | পদ সংখ্যা |
|---|---|---|
| ১ | অধ্যক্ষ | ১ |
| ২ | উপাধ্যক্ষ | ১ |
| ৩ | প্রভাষক/সহকারী অধ্যাপক (আল কোরআন এন্ড ইসলামিক স্টাডিজ/আল হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ/দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ/আরবি/আরবি ভাষা ও সাহিত্য/আল ফিকহ্ এন্ড ইসলামিক স্টাডিজ) | ৬ |
| ৪ | প্রভাষক/সহকারী অধ্যাপক (বাংলা) | ১ |
| ৫ | প্রভাষক/সহকারী অধ্যাপক (ইংরেজি) | ১ |
| ৬ | প্রভাষক/সহকারী অধ্যাপক (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি/রাষ্ট্রবিজ্ঞান/ইতিহাস/দর্শন/ইসলাম শিক্ষা/সমাজবিজ্ঞান/সমাজকল্যাণ/সমাজকর্ম/অর্থনীতি/ভূগোল/মনোবিজ্ঞান) [অনুমোদন ও কাম্য | প্রতি বিষয়ে ১ জন |

| ক্রমিক নং | পদবি | পদ সংখ্যা |
|---|---|---|
| | শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | |
| ৭ | প্রভাষক/সহকারী অধ্যাপক (ব্যবসায় শিক্ষা) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | প্রতি বিষয়ে ১ জন |
| ৮ | প্রভাষক/সহকারী অধ্যাপক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ১ |
| ৯ | প্রভাষক/সহকারী অধ্যাপক (পদার্থ, রসায়ন,গণিত,উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | প্রতি বিষয়ে ১ জন |
| ১০ | প্রভাষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) ও গ্রন্থাগারিক | ১ |
| ১১ | প্রদর্শক (পদার্থ/রসায়ন/জীববিজ্ঞান/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) [ল্যাব চালু থাকলে] | প্রতি বিষয়ে ১ জন |
| ১২ | সহকারী মৌলভী (আল কুরআন) | ১ |
| ১৩ | সহকারী মৌলভী (আল হাদিস) | ১ |
| ১৪ | সহকারী মৌলভী (আরবি) | ১ |
| ১৫ | সহকারী মৌলভী (ফিকহ্/আকাইদ/দাওয়া) | ১ |
| ১৬ | সহকারী মৌলভী (ক্বারী) | ১ |
| ১৭ | সহকারী শিক্ষক(বাংলা) | ১ |
| ১৮ | সহকারী শিক্ষক (ইংরেজি) | ১ |
| ১৯ | সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) | ১ |
| ২০ | সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ১ |
| ২১ | সহকারী শিক্ষক (গণিত) | ১ |
| ২২ | সহকারী শিক্ষক (ভৌতবিজ্ঞান) | ১ |
| ২৩ | সহকারী শিক্ষক (জীব বিজ্ঞান) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ১ |
| ২৪ | সহকারী শিক্ষক (কৃষি) | ১ |
| ২৫ | সহকারী শিক্ষক (গার্হস্থ্য বিজ্ঞান) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ১ |
| ২৬ | সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ১ |
| ২৭ | সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) | ১ |
| ২৮ | সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান)/ সহকারী গ্রন্থাগারিক | ১ |
| ২৯ | ট্রেড ইন্সট্রাক্টর (কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত বৃত্তিমূলক/ভোকেশনাল ট্রেড কোর্স অনুমোদনপ্রাপ্ত ও চালু থাকলে যে কোনো ২টি ট্রেডের জন্য)। | প্রতি ট্রেডে ১ জন |
| ৩০ | ইবতেদায়ি প্রধান | ১ |
| ৩১ | ইবতেদায়ি শিক্ষক | ১ |
| ৩২ | ইবতেদায়ি মৌলভী | ১ |
| ৩৩ | ইবতেদায়ি ক্বারী | ১ |
| ৩৪ | কম্পিউটার ল্যাব অপারেটর (সরকার প্রদত্ত কম্পিউটার ল্যাব চালু থাকলে) | ১ |
| ৩৫ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ১ |
| ৩৬ | অফিস সহকারী কাম হিসাব সহকারী | ১ |
| ৩৭ | ট্রেড এ্যাসিসট্যান্ট<br>(কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত বৃত্তিমূলক/ভোকেশনাল ট্রেড কোর্স অনুমোদনপ্রাপ্ত ও চালু থাকলে যে কোনো ২টি ট্রেডের জন্য)। | প্রতি ট্রেডে ১ জন |
| ৩৮ | ল্যাব সহকারী (পদার্থ, রসায়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, জীববিজ্ঞান) [ল্যাব চালু থাকলে] | প্রতি বিষয়ে ১ জন |
| ৩৯ | অফিস সহায়ক | ১ |
| ৪০ | নৈশ প্রহরী | ১ |
| ৪১ | নিরাপত্তা কর্মী | ১ |
| ৪২ | পরিচ্ছন্নতা কর্মী | ২ |
| ৪৩ | আয়া (মহিলা মাদ্রাসার জন্য/ সহশিক্ষা চালু থাকলে) | ১ |
| | **মোট ৪৩ (তেতাল্লিশ) ধরনের পদ** | |

**গ. ফাযিল (১ম-১৫শ)/ ফাযিল (সম্মান) (১ম-১৬শ):**

| ক্রমিক নং | পদবি | পদ সংখ্যা |
|---|---|---|
| ১ | অধ্যক্ষ | ১ |
| ২ | উপাধ্যক্ষ | ১ |
| ৩ | প্রভাষক/সহকারী অধ্যাপক (আল কোরআন এন্ড ইসলামিক স্টাডিজ/আল হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ/দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ/আরবি/আরবি ভাষা ও সাহিত্য/আল ফিকহ্ এন্ড ইসলামিক স্টাডিজ/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) | ফাযিল পাস কোর্সে প্রতি বিষয়ে ২ জন এবং স্নাতক (সম্মান) কোর্স চালু থাকলে প্রতি বিষয়ে ৪ জন। এর বেশি প্রয়োজন হলে স্ব-অর্থায়নে নিয়োগ দিতে পারবে। |
| ৪ | প্রভাষক/সহকারী অধ্যাপক (বাংলা) | ২ |
| ৫ | প্রভাষক/সহকারী অধ্যাপক (ইংরেজি) | ২ |
| ৬ | প্রভাষক/সহকারী অধ্যাপক (বাংলাদেশ স্টাডিজ/রাষ্ট্রবিজ্ঞান/ ইতিহাস/দর্শন/ইসলামিক স্টাডিজ/ইসলামি অর্থনীতি/সমাজবিজ্ঞান/ সমাজকল্যাণ/সমাজকর্ম/অর্থনীতি/ভূগোল/মনোবিজ্ঞান/ইসলামি ব্যবসায় প্রশাসন/ইসলামি ব্যাংকিং ও ইনস্যুরেন্স [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ফাযিল পাস কোর্সে প্রতি বিষয়ে ২ জন এবং স্নাতক (সম্মান) কোর্স চালু থাকলে প্রতি বিষয়ে ৪ জন। এর বেশি প্রয়োজন হলে স্ব-অর্থায়নে নিয়োগ দিতে পারবে |
| ৭ | প্রভাষক/সহকারী অধ্যাপক (ব্যবসায় শিক্ষা) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ফাযিল পাস কোর্সে প্রতি বিষয়ে ২ জন এবং স্নাতক (সম্মান) কোর্স চালু থাকলে প্রতি বিষয়ে ৪ জন। এর বেশি প্রয়োজন হলে স্ব-অর্থায়নে নিয়োগ দিতে পারবে |
| ৮ | প্রভাষক/সহকারী অধ্যাপক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি); [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ফাযিল পাস কোর্সে প্রতি বিষয়ে ২ জন এবং স্নাতক (সম্মান) কোর্স চালু থাকলে প্রতি বিষয়ে ৪ জন। এর বেশি প্রয়োজন হলে স্ব-অর্থায়নে নিয়োগ দিতে পারবে |
| ৯ | প্রভাষক/সহকারী অধ্যাপক (পদার্থ, রসায়ন,গণিত,উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ফাযিল পাস কোর্সে প্রতি বিষয়ে ২ জন এবং স্নাতক (সম্মান) কোর্স চালু থাকলে প্রতি বিষয়ে ৪ জন। এর বেশি প্রয়োজন হলে স্ব-অর্থায়নে নিয়োগ দিতে পারবে |
| ১০ | প্রদর্শক (পদার্থ/রসায়ন/জীববিজ্ঞান/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | প্রতি বিষয়ে ১ জন এবং স্নাতক (সম্মান) কোর্স চালু থাকলে প্রতি বিষয়ে ১ জন। এর বেশি প্রয়োজন হলে স্ব-অর্থায়নে নিয়োগ দিতে পারবে |
| ১১ | প্রভাষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান)/গ্রন্থাগারিক | ১ |
| ১২ | সহকারী মৌলভী (আল কুরআন) | ১ |
| ১৩ | সহকারী মৌলভী (আল হাদিস) | ১ |
| ১৪ | সহকারী মৌলভী (আরবি) | ১ |
| ১৫ | সহকারী মৌলভী (ফিকহ্/আকাইদ/দাওয়া) | ১ |
| ১৬ | সহকারী মৌলভী (ক্বারী) | ১ |
| ১৭ | সহকারী শিক্ষক(বাংলা) | ১ |
| ১৮ | সহকারী শিক্ষক (ইংরেজি) | ১ |
| ১৯ | সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) | ১ |
| ২০ | সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ১ |

| ক্রমিক নং | পদবি | পদ সংখ্যা |
|---|---|---|
| ২১ | সহকারী শিক্ষক (গণিত) | ১ |
| ২২ | সহকারী শিক্ষক (ভৌতবিজ্ঞান) | ১ |
| ২৩ | সহকারী শিক্ষক (জীব বিজ্ঞান) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ১ |
| ২৪ | সহকারী শিক্ষক (কৃষি) | ১ |
| ২৫ | সহকারী শিক্ষক (গার্হস্থ্য বিজ্ঞান) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ১ |
| ২৬ | সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ১ |
| ২৭ | সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) | ১ |
| ২৮ | সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান)/ সহকারী গ্রন্থাগারিক | ১ |
| ২৯ | ট্রেড ইন্সট্রাক্টর<br>(কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত বৃত্তিমূলক/ভোকেশনাল ট্রেড কোর্স অনুমোদনপ্রাপ্ত ও চালু থাকলে যে কোনো ২টি ট্রেডের জন্য)। | প্রতি ট্রেডে ১ জন |
| ৩০ | ইবতেদায়ি প্রধান | ১ |
| ৩১ | ইবতেদায়ি শিক্ষক | ১ |
| ৩২ | ইবতেদায়ি মৌলভী | ২ |
| ৩৩ | ইবতেদায়ি ক্বারী | ১ |
| ৩৪ | কম্পিউটার ল্যাব অপারেটর (সরকার প্রদত্ত কম্পিউটার ল্যাব চালু থাকলে) | ১ |
| ৩৫ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ১ |
| ৩৬ | অফিস সহকারী কাম হিসাব সহকারী | ১ |
| ৩৭ | ট্রেড এ্যাসিসট্যান্ট<br>(কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত বৃত্তিমূলক/ভোকেশনাল ট্রেড কোর্স অনুমোদনপ্রাপ্ত ও চালু থাকলে যে কোনো ২টি ট্রেডের জন্য)। | প্রতি ট্রেডে ১ জন |
| ৩৮ | ল্যাব সহকারী (পদার্থ, রসায়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, জীববিজ্ঞান) [ল্যাব চালু থাকলে] | প্রতি বিষয়ে ১ জন |
| ৩৯ | অফিস সহায়ক | ১ |
| ৪০ | নৈশ প্রহরী | ১ |
| ৪১ | নিরাপত্তা কর্মী | ১ |
| ৪২ | পরিচ্ছন্নতা কর্মী | ২ |
| ৪৩ | আয়া (মহিলা মাদ্রাসার জন্য/ সহশিক্ষা চালু থাকলে) | ১ |
| | **মোট ৪৩ (তেতাল্লিশ) ধরনের পদ** | |

গ(i)। **এ নীতিমালা জারি হওয়ার পূর্বে ইসলাম আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাদ্রাসাসমূহে বিধি মোতাবেক অনার্স-মাস্টার্স পর্যায়ে নিয়োগকৃত ও কর্মরত ১৭৬ (একশত ছিয়াত্তর) জন শিক্ষককে (পাসের হার, পরীক্ষার্থী সংখ্যা, কাম্য শিক্ষার্থী) থাকা সাপেক্ষে এমপিওভুক্ত করা হবে।**

**গ(ii) অনার্স-মাস্টার্স স্তরের প্রতিটি বিষয়ে জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতার ভিত্তিতে কর্মরত শিক্ষকগণের মধ্যে থেকে পর্যায়ক্রমে ৪ (চার) বছর মেয়াদে একজন বিভাগীয় প্রধান নিয়োগ প্রদান করা হবে; একই ব্যক্তি পরবর্তী মেয়াদে পুন:নিয়োগযোগ্য হবেন না।**

**ঘ) কামিল/ কামিল (মাস্টার্স) মাদ্রাসা (১ম-১৭শ)**:

| ক্রমিক নং | পদবি | পদ সংখ্যা |
|---|---|---|
| ১ | অধ্যক্ষ | ১ |
| ২ | উপাধ্যক্ষ | ১ |
| ৩ | মুহাদ্দিস (হাদিস) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ১ |
| ৪ | মুফাসসির (তাফসির)[অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ১ |

| ক্রমিক নং | পদবি | পদ সংখ্যা |
|---|---|---|
| ৫ | ফকিহ (ফিকহ) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ১ |
| ৬ | আদিব [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ১ |
| ৭ | প্রভাষক/সহকারী অধ্যাপক (আল কোরআন এন্ড ইসলামিক স্টাডিজ/আল হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ/দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ/আরবি ভাষা ও সাহিত্য/আল ফিকহ্ এন্ড ইসলামিক স্টাডিজ/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) [মাস্টার্স কোর্স চালু থাকলে] | প্রতি বিষয়ে ১ জন |
| ৮ | প্রভাষক (হাদিস) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ১ |
| ৯ | প্রভাষক (ফিকহ) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ১ |
| ১০ | প্রভাষক (তাফসির) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ১ |
| ১১ | প্রভাষক (আদব) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ১ |
| ১২ | প্রভাষক/সহকারী অধ্যাপক (আল কোরআন এন্ড ইসলামিক স্টাডিজ/আল হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ/দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ/আরবি ভাষা ও সাহিত্য/আল ফিকহ্ এন্ড ইসলামিক স্টাডিজ/ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) | ফাযিল পাস কোর্সে প্রতি বিষয়ে ২ জন এবং স্নাতক (সম্মান) কোর্স চালু থাকলে প্রতি বিষয়ে ৪ জন। এর বেশি প্রয়োজন হলে স্ব-অর্থায়নে নিয়োগ দিতে পারবে |
| ১৩ | প্রভাষক/সহকারী অধ্যাপক (বাংলা) [ফাযিল (পাস/সম্মান) স্তরের জন্য] | ১ |
| ১৪ | প্রভাষক/সহকারী অধ্যাপক (ইংরেজি) [ফাযিল (পাস/সম্মান) স্তরের জন্য] | ১ |
| ১৫ | প্রভাষক/সহকারী অধ্যাপক (বাংলাদেশ স্টাডিজ/রাষ্ট্রবিজ্ঞান/ ইতিহাস/দর্শন/ইসলামিক স্টাডিজ/ইসলামি অর্থনীতি/সমাজবিজ্ঞান/ সমাজকল্যাণ/সমাজকর্ম/অর্থনীতি/ভূগোল/মনোবিজ্ঞান/ইসলামি ব্যবসায় প্রশাসন/ইসলামি ব্যাংকিং ও ইনস্যুরেন্স [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ফাযিল পাস কোর্সে প্রতি বিষয়ে ২ জন এবং স্নাতক (সম্মান) কোর্স চালু থাকলে প্রতি বিষয়ে ৪ জন। এর বেশি প্রয়োজন হলে স্ব-অর্থায়নে নিয়োগ দিতে পারবে |
| ১৬ | প্রভাষক/সহকারী অধ্যাপক (ব্যবসায় শিক্ষা) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ফাযিল পাস কোর্সে প্রতি বিষয়ে ২ জন এবং স্নাতক (সম্মান) কোর্স চালু থাকলে প্রতি বিষয়ে ৪ জন। এর বেশি প্রয়োজন হলে স্ব-অর্থায়নে নিয়োগ দিতে পারবে |
| ১৭ | প্রভাষক/সহকারী অধ্যাপক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ফাযিল পাস কোর্সে প্রতি বিষয়ে ২ জন এবং স্নাতক (সম্মান) কোর্স চালু থাকলে প্রতি বিষয়ে ৪ জন। এর বেশি প্রয়োজন হলে স্ব-অর্থায়নে নিয়োগ দিতে পারবে |
| ১৮ | প্রভাষক/সহকারী অধ্যাপক (পদার্থ, রসায়ন,গণিত,উদ্ভিদবিজ্ঞান ও প্রাণিবিজ্ঞান[অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ফাযিল পাস কোর্সে প্রতি বিষয়ে ২ জন এবং স্নাতক (সম্মান) কোর্স চালু থাকলে প্রতি বিষয়ে ৪ |

| ক্রমিক নং | পদবি | পদ সংখ্যা |
|---|---|---|
| | | জন। এর বেশি প্রয়োজন হলে স্ব-অর্থায়নে নিয়োগ দিতে পারবে |
| ১৯ | প্রদর্শক (পদার্থ/রসায়ন/জীববিজ্ঞান/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | প্রতি বিষয়ে ১ জন এবং স্নাতক (সম্মান) কোর্স চালু থাকলে প্রতি বিষয়ে ১ জন। এর বেশি প্রয়োজন হলে স্ব-অর্থায়নে নিয়োগ দিতে পারবে |
| ২০ | প্রভাষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান)/গ্রন্থাগারিক | ১ |
| ২১ | সহকারী মৌলভী (আল কুরআন) | ১ |
| ২২ | সহকারী মৌলভী (আল হাদিস) | ১ |
| ২৩ | সহকারী মৌলভী (আরবি) | ১ |
| ২৪ | সহকারী মৌলভী (ফিকহ/আকাইদ/দাওয়া) | ১ |
| ২৫ | সহকারী মৌলভী (ক্বারী) | ১ |
| ২৬ | সহকারী শিক্ষক(বাংলা) | ১ |
| ২৭ | সহকারী শিক্ষক (ইংরেজি) | ১ |
| ২৮ | সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) | ১ |
| ২৯ | সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ১ |
| ৩০ | সহকারী শিক্ষক (গণিত) | ১ |
| ৩১ | সহকারী শিক্ষক (ভৌতবিজ্ঞান) | ১ |
| ৩২ | সহকারী শিক্ষক (জীব বিজ্ঞান) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ১ |
| ৩৩ | সহকারী শিক্ষক (কৃষি) | ১ |
| ৩৪ | সহকারী শিক্ষক (গার্হস্থ্য বিজ্ঞান) [অনুমোদন ও কাম্য শিক্ষার্থীসহ বিষয় চালু থাকলে] | ১ |
| ৩৫ | সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ১ |
| ৩৬ | সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা) | ১ |
| ৩৭ | সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান)/ সহকারী গ্রন্থাগারিক | ১ |
| ৩৮ | ট্রেড ইন্সট্রাক্টর<br>(কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত বৃত্তিমূলক/ভোকেশনাল ট্রেড কোর্স অনুমোদনপ্রাপ্ত ও চালু থাকলে যে কোনো ২টি ট্রেডের জন্য)। | প্রতি ট্রেডে ১ জন |
| ৩৯ | ইবতেদায়ি প্রধান | ১ |
| ৪০ | ইবতেদায়ি শিক্ষক | ১ |
| ৪১ | ইবতেদায়ি মৌলভী | ১ |
| ৪২ | ইবতেদায়ি ক্বারী | ১ |
| ৪৩ | কম্পিউটার ল্যাব অপারেটর (সরকার প্রদত্ত কম্পিউটার ল্যাব চালু থাকলে) | ১ |
| ৪৪ | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ১ |
| ৪৫ | অফিস সহকারী কাম হিসাব সহকারী | ১ |
| ৪৬ | ট্রেড এ্যাসিসট্যান্ট<br>(কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত বৃত্তিমূলক/ভোকেশনাল ট্রেড কোর্স অনুমোদনপ্রাপ্ত ও চালু থাকলে যে কোনো ২টি ট্রেডের জন্য)। | প্রতি ট্রেডে ১ জন |
| ৪৭ | ল্যাব সহকারী (পদার্থ, রসায়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, জীববিজ্ঞান) [ল্যাব চালু থাকলে] | প্রতি বিষয়ে ১ জন |
| ৪৮ | অফিস সহায়ক | ১ |
| ৪৯ | নৈশ প্রহরী | ১ |

| ক্রমিক নং | পদবি | পদ সংখ্যা |
|---|---|---|
| ৫০ | নিরাপত্তা কর্মী | ১ |
| ৫১ | পরিচ্ছন্নতা কর্মী | ২ |
| ৫২ | আয়া (মহিলা মাদ্রাসার জন্য/ সহশিক্ষা চালু থাকলে) | ১ |
| **মোট ৫২ (বায়ান্ন) ধরনের পদ** | | |

**ঘ(i)। গ(i) ও (ii) এর শর্ত এক্ষেত্রে প্রযোজ্য হবে।**

**৬.২ মাদ্রাসাসমূহে বিষয়/বিভাগ/শাখা খোলার শর্তাবলি:**

**ক) দাখিল মাদ্রাসা (১ম-১০ম):**

(১) নবম শ্রেণিতে মানবিক, বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও ভোকেশনাল ইত্যাদি নতুন বিভাগ খোলার জন্য প্রতি বিভাগে (Each Stream) ন্যূনতম ২৫ জন শিক্ষার্থী থাকতে হবে এবং

(২) প্রতিটি দাখিল মাদ্রাসায় একক শ্রেণির/শাখার শিক্ষার্থীর সংখ্যা হবে ৫০ (পঞ্চাশ) জন। তবে শিক্ষার্থীদের সংখ্যা ৫০ (পঞ্চাশ) এর অধিক হলে পরবর্তী ৪০ (চল্লিশ) জনের জন্য ২য় শাখা খোলা যাবে। তৃতীয়/পরবর্তী প্রতি শাখার জন্য পূর্ববর্তী শাখা সমূহে ৫০ (পঞ্চাশ) জন পূর্ণ হতে হবে। প্রতি শাখার জন্য ১ (এক) জন হিসাবে গণনাপূর্বক শিক্ষক সংখ্যা বৃদ্ধি পাবে।

(৩) কোন ক্লাশে ২৫ (পঁচিশ) জন ছাত্রী থাকলে আলাদা শাখার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং সংশ্লিষ্ট শাখার জন্য প্রয়োজনীয় শিক্ষকের ব্যবস্থা করতে হবে।

**খ) আলিম মাদ্রাসা (১ম-১২শ):**

(১) আলিম স্তরে নতুন বিভাগ (মানবিক/বিজ্ঞান/ব্যবসায়) ইত্যাদি নতুন বিভাগ ইত্যাদি খোলার জন্য প্রতি বিভাগে (Each Stream) ন্যূনতম ২৫ জন শিক্ষার্থী থাকতে হবে এবং

(২) আলিম স্তরে সাধারণত প্রতি বিভাগে চারটি বিষয় (Subject) থাকবে, তবে ৫ম বা ততোধিক বিষয় খুলতে হলে অতিরিক্ত প্রতি বিষয়ের জন্য আরও কমপক্ষে ২৫ জন করে শিক্ষার্থী থাকতে হবে।

**গ) ফাযিল (পাস) মাদ্রাসা (১ম-১৫শ)**/ ফাযিল(সম্মান) (১ম-১৬শ):

(১) ফাযিল (পাস/সম্মান) স্তর খোলার জন্য এ স্তরে প্রতি শ্রেণীতে ন্যূনতম ২৫ জন শিক্ষার্থীসহ পরিশিষ্ট 'খ' অনুযায়ী কাম্য শিক্ষার্থী থাকতে হবে এবং

(২) ফাযিল (পাস/সম্মান) স্তরে সাধারণত প্রতি বিভাগে চারটি বিষয় (Subject) থাকবে, তবে ৫ম বা ততোধিক বিষয় খুলতে হলে অতিরিক্ত প্রতি বিষয়ের জন্য আরও কমপক্ষে ২৫ জন করে শিক্ষার্থী থাকতে হবে।

**ঘ) কামিল**/ কামিল(মাস্টার্স) **মাদ্রাসা (১ম-১৭শ):**

(১) কামিল/ কামিল(মাস্টার্স) স্তর খোলার জন্য একটি বিভাগে ন্যূনতম ৩৫ জন শিক্ষার্থীসহ পরিশিষ্ট 'খ' অনুযায়ী কাম্য সংখ্যক শিক্ষার্থী থাকতে হবে এবং

(২) একাধিক বিভাগ খুলতে হলে বিদ্যমান বিভাগে ৩৫ জন শিক্ষার্থী ছাড়াও পরবর্তী প্রতি বিভাগে ন্যূনতম ৩৫ জন শিক্ষার্থী থাকতে হবে।

৭। **ক) শিক্ষক/প্রদর্শকের চাহিদা প্রেরণ:**

প্রতিষ্ঠান প্রধান প্রযোজ্য ক্ষেত্রে মন্ত্রণালয় হতে অনুমোদিত ও বৃদ্ধিপ্রাপ্ত একক শ্রেণি/শাখার শিক্ষক অথবা প্যাটার্নভুক্ত শূন্য পদে শিক্ষক/প্রদর্শক নিয়োগের জন্য চাহিদা উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার এর নিকট প্রেরণ করবেন। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার তার সঠিকতা যাচাই করে নিশ্চিত হয়ে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসার/সহকারী পরিচালক, আঞ্চলিক কার্যালয় (সংশ্লিষ্ট বিভাগ) নিকট প্রেরণ করবেন। জেলা শিক্ষা অফিসার/ অফিসার/সহকারী পরিচালক, আঞ্চলিক কার্যালয় (সংশ্লিষ্ট বিভাগ) তার জেলার/অঞ্চলের সকল চাহিদা যাচাইপূর্বক একীভূত করে এনটিআরসিএ তে প্রেরণ করবেন। ভুল বা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অনুমোদনহীন চাহিদা প্রেরণ করলে

সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং জেলা শিক্ষা অফিসার/ সহকারী পরিচালক, আঞ্চলিক কার্যালয় (সংশ্লিষ্ট বিভাগ) দায়ী থাকবেন।

৭। **খ) শিক্ষকতার বিষয় নির্ধারণ:**

৭.১ শিক্ষকমন্ডলীকে তাদের মূলবিষয় ছাড়াও প্রতিষ্ঠান প্রধানের নির্দেশনা অনুযায়ী অন্যান্য বিষয়ে পাঠদান করতে হবে।

৭.২ শিক্ষকদের ক্লাস/পিরিয়ড বিষয়ভিত্তিক ক্লাসের চাহিদানুযায়ী নিরূপিত হবে। তাছাড়া প্রত্যেক শিক্ষকের ন্যূনতম অপর ২টি বিষয়ে পাঠদানের দক্ষতা থাকতে হবে।

৭.৩ উচ্চতর স্তরের শিক্ষকদের প্রতিষ্ঠান প্রধানের নির্দেশনা অনুযায়ী নিম্ন শ্রেণিসমূহের ক্লাস নিতে হবে।

৭.৪ প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষককে উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের জন্য নির্ধারিত ও অবশ্য অনুকরণীয় সহ-পাঠ্যক্রমিক বিষয়ের ন্যূনতম একটি বিষয়ে দায়িত্ব পালন করতে হবে।

৮। **প্রতিষ্ঠানে শিফট খোলার শর্তাবলী:**

ক) প্রতিষ্ঠানের শিফটের শর্তাবলী: যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে শিফট বিদ্যমান আছে সে সকল শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণিসমূহের মধ্যে শ্রেণিভিত্তিক ছাত্র/ছাত্রীর সংখ্যা ১৫০ বা এর অধিক হলে শিফট বিদ্যমান থাকবে এবং শিফটের বিপরীতে নিয়োজিত শিক্ষক/কর্মচারীদের এমপিও চলমান থাকবে;

খ) এই নীতিমালা জারির পর কোন শিক্ষা প্রতিষ্ঠান তার অনুমোদিত মূল ক্যাম্পাস ব্যতীত অন্য কোথাও সরকারের অনুমোদন ব্যতিত  ক্যাম্পাস/ব্রাঞ্চ খুলতে পারবে না;

গ) এমপিওভুক্তির সরকারি আদেশ প্রাপ্তির পর কোন প্রতিষ্ঠানের ধরণ (বালক, বালিকা বা সহশিক্ষা) পরিবর্তন করা যাবে না। তবে সরকারের অনুমোদন সাপেক্ষে পরিবর্তন করা যাবে।

৯। **জনবল-পদসমূহ সমন্বয়:**

৯.১ এমপিওভুক্ত প্রতিষ্ঠানে এ নীতিমালায় বর্ণিত জনবল কাঠামো  অনুযায়ী শিক্ষক ও কর্মচারী নিয়োজিত থাকবে।

৯.২ পূর্বের জারিকৃত নীতিমালার ভিত্তিতে এমপিওপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীগণ এ নীতিমালা ও জনবল কাঠামোর আওতায় তাদের এমপিও যথানিয়মে চলমান থাকবে।

৯.৩  এ নীতিমালার আওতায় জনবল কাঠামোর অতিরিক্ত পদ উদ্বৃত্ত পদ হিসেবে গণ্য হবে। উদ্বৃত্ত ঘোষিত শিক্ষক-কর্মচারী ইতঃপূর্বে এমপিওভূক্ত হলে তা চালু থাকবে। তবে উদ্বৃত্ত শিক্ষক/কর্মচারী নতুন করে এমপিওভুক্ত করা যাবে না। উদ্বৃত্ত পদ শূন্য হলে উক্ত পদে নতুনভাবে আর নিয়োগ দেয়া যাবে না।

৯.৪ জনবল কাঠামোতে অন্তর্ভুক্ত কোন পদ শূন্য হলে উদ্বৃত্ত পদ হতে বিষয়ভিত্তিক যোগ্যতার ভিত্তিতে তা বিধি অনুযায়ী নিয়োগ প্রদান করতে হবে। তবে প্রতিষ্ঠান প্রধান নিয়োগের ক্ষেত্রে তা প্রযোজ্য হবে না।

৯.৫ জনবল কাঠামোতে উদ্বৃত্ত ঘোষিত পদে জনবল সমন্বয় করা সম্ভব না হলে নীতিমালা অনুযায়ী শূন্যপদে বিধি-মোতাবেক শিক্ষক-কর্মচারী নিয়োগ করা যাবে।

১০। সরকার সময়ে সময়ে কোন বিষয়কে আবশ্যিক হিসেবে ঘোষণা করলে জনবল কাঠামোতে উক্ত বিষয়ে পদ সৃষ্টি হবে এবং উক্ত পদে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণ এমপিওভুক্ত হবেন।

১১। **শিক্ষক ও কর্মচারীদের (মাদ্রাসা) বেতন-ভাতা নির্ধারণ:**

১১.১ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (মাদ্রাসা) শিক্ষক-কর্মচারী প্রযোজ্য ক্ষেত্রে অবশ্যই সংশ্লিষ্ট বিষয়ে এনটিআরসিএ এর নিবন্ধনধারী ও সুপারিশপ্রাপ্ত হতে হবে। প্রতিষ্ঠানের জনবল কাঠামো অনুযায়ী শিক্ষক-কর্মচারীকে পরিশিষ্ট 'ঘ'   তে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। এনটিআরসিএ এর নিবন্ধন শুরু হওয়ার পূর্বের সময়ের শিক্ষক-কর্মচারীকে নিয়োগকালীন চাকুরিবিধি অনুযায়ী কাম্য শিক্ষাগত যোগ্যতাসহ উপযুক্ত কর্তৃপক্ষ বিধিমোতাবেক নিয়োগপ্রাপ্ত অথবা ইনডেক্সধারী হতে হবে। ১৯৯৫/২০১০/২০১৮ সাল ও সর্বশেষ এমপিও নীতিমালা অনুযায়ী নিয়োগকৃত শিক্ষকগণ এ নীতিমালার আলোকে নিয়োগ পাবে।

১১.২ বেসরকারি কোনো শিক্ষা প্রতিষ্ঠানে এ নীতিমালা জারির পূর্বে বিধিমোতাবেক নিয়োগপ্রাপ্ত নিয়োগকালীন কাম্য শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন এবং ঐ প্রতিষ্ঠানে কর্মরত সুপারিনটেনডেন্ট/সহকারী সুপারিনটেনডেন্ট/অধ্যক্ষ/উপাধ্যক্ষ প্রতিষ্ঠান এমপিও ভুক্তির সময়ে পরিশিষ্ট 'ঘ' অনুযায়ী কাম্য অভিজ্ঞতা না থাকলে বর্ণিত স্কেলের এক ধাপ নিচের স্কেলে এমপিও পাবেন। তবে অভিজ্ঞতা পূর্ণ হলে পরিশিষ্ট 'ঘ' অনুযায়ী এমপিও প্রাপ্য হবেন। এ নীতিমালা জারি হওয়ার পর এমপিওভুক্ত কোনো শিক্ষা প্রতিষ্ঠানে জনবল কাঠামোর পরিশিষ্ট 'ঘ' তে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ব্যতীত কাউকে নিয়োগ দেয়া যাবে না।

১১.৩ দাখিল স্তরে এমপিওভুক্ত মাদ্রাসায় বিএড/সমমান ডিগ্রি বিহীন কোন সহকারী শিক্ষক/সহকারী মৌলভী এমপিওভুক্তির ৫ (পাঁচ) বছরের মধ্যে ডিগ্রি (বিএড/ডিপ-ইন-এড/বিএমএড/সমমান যাদের ক্ষেত্রে এ সকল ডিগ্রি প্রযোজ্য) অর্জন করলে তিনি এ ডিগ্রির জন্য বেতন স্কেলের গ্রেড-১০ এ এমপিও প্রাপ্য হবেন। তবে ০৫ (পাঁচ) বছরের মধ্যে ডিগ্রি অর্জন করতে না পারলে তিনি আর বেতন স্কেলের গ্রেড-১০ এ এমপিও প্রাপ্তির জন্য বিবেচিত হবেন না।

১১.৪ এমপিওভুক্ত প্রভাষকগণ (অধ্যক্ষ/উপাধ্যক্ষ/সুপার/সহ-সুপার/ইবতেদায়ি প্রধান ব্যতীত) এমপিওভুক্তির ৮ (আট) বছর পূর্তিতে ৫০% হিসেবে (অনুচ্ছেদ ১৩ মোতাবেক) জ্যেষ্ঠতার ভিত্তিতে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি পাবেন। ভগ্নাংশের ক্ষেত্রে ০.৫ বা তার বেশি হলে পরবর্তী পূর্ণ সংখ্যা গণনা করে পদোন্নতি দেয়া যাবে।" এতে মোট পদ সংখ্যা বৃদ্ধি পাবে না। অন্যান্য প্রভাষকগণ এমপিওভুক্তির ১০ বছর সন্তোষজনক চাকুরী পূর্তিতে বেতন স্কেলের গ্রেড ৯ থেকে ৮ গ্রেড প্রাপ্য হবেন এবং পরবর্তী ৬বছরের মধ্যে অর্থাৎ ১৬ বছর সন্তোষজনক চাকুরী পূর্তিতে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি পাবেন। এম.ফিল ডিগ্রিধারীদের ক্ষেত্রে ২ বছর এবং পিএইচডি ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৪ বছর শিক্ষকতার অভিজ্ঞতা শিথিলযোগ্য। এতে মোট পদ সংখ্যা বৃদ্ধি পাবে না।

১১.৫ শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/কর্মচারীগণের এমপিওভুক্তির তারিখ হতে ১০ (দশ) বছর সন্তোষজনক চাকুরি পূর্ণ হলে পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্য হবেন এবং পরবর্তী ৬ বছর পর একইভাবে পরবর্তী উচ্চতর গ্রেড প্রাপ্য হবেন। তবে উল্লিখিত স্কেল প্রাপ্তির ক্ষেত্রে যথাক্রমে ১০ বছর ও ৬ বছর চাকুরি পূর্ণ হতে হবে। সমগ্র চাকুরি জীবনে দুটির বেশী উচ্চতর গ্রেড/টাইম স্কেল (যে নামেই অভিহিত হউক না কেন) প্রাপ্য হবেন না। তবে শিক্ষায় ডিগ্রীর জন্য প্রাপ্ত গ্রেড/স্কেল এ হিসেবে অর্ন্তভুক্ত হবে না।

১১.৬ বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (মাদ্রাসা) শিক্ষক-কর্মচারীদের চাকুরিতে প্রথম প্রবেশের সর্বোচ্চ বয়সসীমা ৩৫ বছর এবং সর্বনিম্ন ১৮ বছর। তবে সমপদে বা উচ্চতর পদে নিয়োগের ক্ষেত্রে ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য। শিক্ষক-কর্মচারীদের এমপিও ৬০ (ষাট) বছর বয়স পর্যন্ত প্রদেয় হবে। বয়স ৬০ বছর পূর্ণ হবার পর কোন প্রতিষ্ঠানে প্রতিষ্ঠান প্রধান/সহ: প্রধান/শিক্ষক-কর্মচারিকে কোন অবস্থাতেই পুন:নিয়োগ কিংবা চুক্তিভিত্তিক নিয়োগ দেয়া যাবে না।

১১.৭ কোন শিক্ষা প্রতিষ্ঠানে জনবল কাঠামো বহির্ভূত পদে অতিরিক্ত নিয়োগ করলে সকল ধরনের আর্থিক ও আনুষঙ্গিক সুবিধাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে বহন করতে হবে।

১১.৮ ইনডেক্সধারী শিক্ষক-কর্মচারী এক প্রতিষ্ঠান হতে অন্য প্রতিষ্ঠানে সমপদে/সমস্কেলে চাকুরিতে যোগদান করলে পূর্ব অভিজ্ঞতা গণনাযোগ্য হবে।

১১.৯ এ নীতিমালা জারির কারণে উদ্ভূত পূর্বের বকেয়া বা কোনো আর্থিক সুবিধা প্রদান করা হবে না।

১১.১০ (ক) এমপিও প্রাপ্তির জন্য আবেদনকারী শিক্ষক-কর্মচারীগণ একই সাথে একাধিক পদে চাকরিতে বা আর্থিক লাভজনক কোন পদে নিয়োজিত থাকতে পারবেন না। এরূপ প্রমাণ পাওয়া গেলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের মাধ্যমে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অনুমোদনক্রমে এমপিও বাতিল করা হবে।

(খ) এমপিওভুক্ত কোন শিক্ষক-কর্মচারী প্রতিষ্ঠান পরিবর্তন বা উচ্চতর পদে যোগদান করলে বর্তমান পদে যোগদানের তারিখ থেকে পূর্ববর্তী পদের এমপিও উত্তোলন করতে পারবেন না (এমপিওভুক্তির ক্ষেত্রে পরিশিষ্ট-ঙ এর চাহিতমতে এনআইডিসহ প্রয়োজনীয় কাগজপত্র জমা প্রদান করতে হবে) ।

১১.১১ বেসরকারি মাদ্রাসায় শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে পরিশিষ্ট ঘ মোতাবেক নিয়োগপ্রাপ্ত হবেন।

১১.১২ ইনডেক্সধারী শিক্ষক-কর্মচারীর সমপদে/সমস্কেলে প্রতিষ্ঠান পরিবর্তন বা উচ্চতর পদে নিয়োগের ক্ষেত্রে এ নীতিমালার পরিশিষ্ট 'ঘ' প্রযোজ্য হবে না; এ ক্ষেত্রে চাকুরিতে প্রথম নিয়োগকালীন শিক্ষাগত যোগ্যতা প্রযোজ্য হবে। এছাড়া উচ্চপদের অভিজ্ঞতা নিম্ন পদের অভিজ্ঞতা হিসেবে বিবেচিত হবে।

১১.১৩ (ক) দাখিল মাদ্রাসা আলিম মাদ্রাসার স্তরে উন্নীত হওয়ার পর দাখিল মাদ্রাসার সুপারিনটেনডেন্ট ও সহকারী সুপারিনটেনডেন্ট পদ যথাক্রমে আলিম মাদ্রাসার অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদে সমন্বিত হবে। তবে আলিম স্তরে এমপিওভুক্ত হওয়ার পর কাম্য অভিজ্ঞতা পূরণ হওয়া সাপেক্ষে আলিম স্তরের অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদের এমপিও প্রাপ্য হবেন। কাম্য অভিজ্ঞতা পূর্ণ না হওয়া পর্যন্ত পূর্বের গ্রেডে এমপিও প্রাপ্ত হবেন।

(খ) আলিম মাদ্রাসা ফাযিল (পাস/ সম্মান) মাদ্রাসার স্তরে উন্নীত হওয়ার পর আলিম মাদ্রাসার অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদ যথাক্রমে ফাযিল (পাস/ সম্মান) মাদ্রাসার অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদে সমন্বিত হবে । তবে ফাযিল স্তর এমপিওভুক্ত হওয়ার পর অভিজ্ঞতা পূরণ হওয়া সাপেক্ষে ফাযিল (পাস/ সম্মান) স্তরের অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদের এমপিও প্রাপ্য হবেন। কাম্য অভিজ্ঞতা পূর্ণ না হওয়া পর্যন্ত পূর্বের গ্রেডে এমপিও প্রাপ্ত হবে।

(গ) ফাযিল (পাস/ সম্মান) মাদ্রাসা কামিল/ কামিল (মাস্টার্স) মাদ্রাসার স্তরে উন্নীত হওয়ার পর ফাযিল (পাস/ সম্মান) মাদ্রাসার অধ্যক্ষ ও উপাধ্যক্ষ যথাক্রমে কামিল/ কামিল (মাস্টার্স) মাদ্রাসার অধ্যক্ষ ও উপাধ্যক্ষ পদে সমন্বিত হবেন।

১১.১৪ পিএইচডি ও এম.ফিল ডিগ্রিসহ প্রথম নিয়োগপ্রাপ্ত অথবা চাকরিরত থাকাকালীন পিএইচডি ও এম.ফিল ডিগ্রি অর্জনকারী শিক্ষা বিভাগীয় কোন কর্মচারী (শিক্ষক) যে পদে কর্মরত থাকবেন, উক্ত পদের জন্য নির্ধারিত ও আহরিত বেতন গ্রেড অনুযায়ী তিনি পিএইচডি ডিগ্রি অর্জনের জন্য ৩ (তিন)টি এবং এম.ফিল ডিগ্রির ক্ষেত্রে ২(দুই)টি অগ্রিম বেতনবৃদ্ধির সুবিধা প্রাপ্য হবেন। তবে শর্ত থাকে যে, উক্তরূপ সুবিধা পরবর্তী পদোন্নতি বা উচ্চতর গ্রেড (টাইমস্কেল, সিলেকশন গ্রেড বা অন্য যে কোন নামে প্রাপ্য বা প্রাপ্ত উচ্চতর গ্রেড) প্রাপ্তি বা অন্য কোন ক্ষেত্রে প্রযোজ্য হবে না এবং এটি শুধুমাত্র একবারের জন্য প্রযোজ্য হবে। আরও শর্ত থাকে যে, পিএইচডি ও এম.ফিল ডিগ্রির অভিসন্দর্ভের (thesis) বিষয়টি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক স্বীকৃত এবং শিক্ষকদের শিক্ষাদান সংশ্লিষ্ট বিষয়ের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

১১.১৫ এই নীতিমালা জারির পূর্বে বিধি মোতাবেক নিয়োগ প্রাপ্ত শিক্ষক-কর্মচারী এই জনবল কাঠামো ও এমপিও নীতিমালায় বর্ণিত প্যাটার্নভুক্ত শূন্যপদে এমপিওভুক্ত হতে পারবেন।

১২। **শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন:**

(ক) এমপিওভুক্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানে চাকরিরত অবস্থায় প্রতিষ্ঠান প্রধানকে অবহিতকরণের মাধ্যমে ইনডেক্সধারী কোন শিক্ষক/কর্মচারী অন্য যেকোন এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে সমপদে/উচ্চতর পদে নিয়োগের জন্য আবেদন করলে তাকে বিভাগীয় প্রার্থীরূপে গণ্য করা হবে। এরূপ প্রার্থী যে শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োজিত হবেন সে শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত হলে পূর্বোক্ত প্রতিষ্ঠানের ছাড়পত্র ও দায়মুক্তি পত্র গ্রহণ এবং অন্যান্য যোগ্যতা পূরণ সাপেক্ষে তিনি নতুন প্রতিষ্ঠানে এমপিও প্রাপ্য হবেন। তবে এক প্রতিষ্ঠান হতে চাকরি ত্যাগ করার পর অন্য প্রতিষ্ঠানে যোগদানকালীন সময়ের ব্যবধান সর্বোচ্চ ২ (দুই) বছর পর্যন্ত তার ইনডেক্স বহাল থাকবে; এর অধিক হলে চাকরির বিরতি (Break of Service) বলে গণ্য হবে।

(খ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের (প্রয়োজনবোধে) নীতিমালা প্রণয়নের মাধ্যমে শূন্য পদ থাকা সাপেক্ষে নিজ জেলায় সমজাতীয় প্রতিষ্ঠানে বদলি করতে পারবে।

১৩। **জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা নির্ধারণ:** শিক্ষক ও কর্মচারীদের পারস্পরিক জ্যেষ্ঠতা ও অভিজ্ঞতা তাদের সংশ্লিষ্ট পদে প্রথম এমপিওভুক্তির তারিখ থেকে গণনা করা হবে। তবে এমপিওভুক্তি একই তারিখে হলে জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে যোগদানের তারিখ বিবেচনা করা হবে। যোগদানের তারিখ একই হলে জন্মতারিখের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারণ হবে। জন্মতারিখ একই হলে যার শিক্ষাগত যোগ্যতা বেশী তিনি জ্যেষ্ঠ হবেন। শিক্ষাগত যোগ্যতা একই হলে তুলনামূলক যার ফলাফল ভালো তিনি জ্যেষ্ঠ হবেন। মাদ্রাসায় সুপারিনটেনডেন্ট/অধ্যক্ষ পদ শূন্য থাকলে সহকারী সুপারিনটেনডেন্ট/উপাধ্যক্ষ ভারপাপ্ত

সুপারিনটেনডেন্ট/অধ্যক্ষ পদে দায়িত্ব পালন করবে। সহকারী সুপারিনটেনডেন্ট/উপাধ্যক্ষ পদ শূন্য থাকলে জ্যেষ্ঠতম আরবি বিষয়ের শিক্ষক ভারপ্রাপ্ত সুপারিনটেনডেন্ট/অধ্যক্ষ পদে দায়িত্ব পালন করবে। এক্ষেত্রে কোন বিরোধ সৃষ্টি হলে তা মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর নিষ্পত্তি করবে।

১৪। **শিক্ষা প্রতিষ্ঠান গ্রেডিং পদ্ধতি**: এমপিওভুক্তির জন্য নিম্নরূপ সূচকের আলোকে গ্রেডিং পদ্ধতি ব্যবহার করে শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তকরণের পদক্ষেপ গ্রহণ করতে হবে (প্রতিষ্ঠানের নামে খতিয়ানভুক্ত/নামজারীকৃত নিজস্ব ভূমিতে অবকাঠামো ও হালনাগাদ একাডেমিক স্বীকৃত/অধিভুক্তি থাকা; তবে সংস্থা/ট্রাস্ট কর্তৃক পরিচালিত মাদ্রাসার ক্ষেত্রে জমির মালিকানা জমির বরাদ্দপত্র থাকতে হবে। ভাড়া বাড়িতে পরিচালিত কোন শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা হবে না):

**শিক্ষা প্রতিষ্ঠান গ্রেডিং পদ্ধতি**

| ক্রমিক নং | বিবেচ্য ক্ষেত্র | পূর্ণমান | মানবণ্টন পদ্ধতি |
|---|---|---|---|
| ১ | একাডেমিক স্বীকৃত | ২০ | প্রতিবছরের জন্য ১ নম্বর এবং ২০ (বিশ) বছর বা তার বেশী হলে পূর্ণ নম্বর |
| ২ | প্রতিষ্ঠানের জমি (প্রতিষ্ঠানের নামে নামজারিকৃত) | ২০ | বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের সর্বশেষ নীতিমালা অনুযায়ী কাম্য জমির জন্য পূর্ণ নম্বর এর কম হলে ০ (শূন্য) নম্বর |
| ৩ | প্রাতিষ্ঠানিক অবকাঠামো | ১৫ | কক্ষ সংখ্যার উপর ভিত্তি করে পাকা অবকাঠামোর জন্য সর্বোচ্চ ১৫ নম্বর, আধা-পাকা অবকাঠামোর জন্য ১২ নম্বর এবং কাঁচা অবকাঠামোর জন্য সর্বোচ্চ ১০ নম্বর |
| ৪ | শিক্ষার্থীর সংখ্যা | ১৫ | পরিশিষ্ট "খ" অনুযায়ী কাম্য শিক্ষার্থী সংখ্যার ক্ষেত্রে ১০, কাম্য সংখ্যার চেয়ে ২০% বৃদ্ধির জন্য ১৫, কাম্য শিক্ষার্থী না থাকলে ০, তবে সর্বোচ্চ ১৫ নম্বর |
| ৫ | পরীক্ষার্থী সংখ্যা | ১৫ | পরিশিষ্ট "গ" অনুযায়ী কাম্য পরীক্ষার্থীর সংখ্যার ক্ষেত্রে ১০, পরবর্তী প্রতি ১০ জনের জন্য ৫, কাম্য পরিক্ষার্থী না থাকলে ০, তবে সর্বোচ্চ ১৫ নম্বর |
| ৬ | পাবলিক পরীক্ষায় পাসের হার | ১৫ | পরিশিষ্ট "গ" অনুযায়ী কাম্য পাশের হার অর্জনের ক্ষেত্রে ১০, পরবর্তী প্রতি ১০% এর জন্য ১৫ নম্বর, কাম্য পাশের হার না থাকলে ০, তবে সর্বোচ্চ ১৫ নম্বর |
| | মোট= | ১০০ | |

উল্লেখ্য, এ নীতিমালার ১৬ (ক) অনুচ্ছেদ অনুযায়ী গঠিত কমিটি প্রয়োজনে নম্বর পুর্নবণ্টন করতে পারবে।

১৫। **শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির পদ্ধতি:** শিক্ষা প্রতিষ্ঠানের নামে খতিয়ানভুক্ত ও নামজারিকৃত নিজস্ব ভূমিতে অবকাঠামো এবং হালনাগাদ ভূমি উন্নয়ন কর পরিশোধের রশিদ/প্রমাণক থাকতে হবে। হালনাগাদ একাডেমিক স্বীকৃত থাকাসহ শিক্ষা প্রতিষ্ঠানকে কাম্য শর্তাদি পূরণ সাপেক্ষে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনার আলোকে অনলাইনে আবেদন করতে হবে। । তবে, ফৌজদারী অপরাধে ০২ (দুই) বছরের বেশি সাজাপ্রাপ্ত ব্যক্তির নামে নামকরণকৃত কোনো শিক্ষা প্রতিষ্ঠান/নেতিবাচক নামের কারণে সমাজে প্রভাব পড়তে পারে এরকম কোন শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির আওতায় আসবে না। তবে এ ধরনের প্রতিষ্ঠানের নাম পরিবর্তন করে গ্রহণযোগ্য নামে করা হলে সেক্ষেত্রে এমপিও'র আবেদন করতে পারবে।

১৬। (ক) এমপিওভুক্তির লক্ষ্যে প্রতিষ্ঠান বাছাই এর জন্য সরকারের একজন অতিরিক্ত সচিব/যুগ্মসচিবকে আহবায়ক করে একটি কমিটি হবে।সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক কমিটির সদস্য সংখ্যা নির্ধারিত হবে।

(খ) কমিটি নীতিমালা এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের মধ্যমেয়াদি বাজেটে প্রয়োজনীয় বরাদ্দ থাকলে এমপিওভুক্তির জন্য প্রতিষ্ঠান বাছাইপূর্বক (প্রাথমিক তালিকা হিসেবে), সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নিকট সুপারিশ করবে। যোগ্যতা থাকা সত্ত্বেও কোন প্রতিষ্ঠান এমপিও' র প্রাথমিক তালিকা থেকে বাদ গেছে মর্মে মনে করলে প্রতিষ্ঠান প্রধান ও কমিটির (ম্যানিজিং কমিটি/গভর্নিং বডি) সভাপতির যৌথ স্বাক্ষরে ১৫ দিনের মধ্যে সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ বরাবর আপিল করতে পারবে। উপানুচ্ছেদ (ক) অনুযায়ী গঠিত কমিটি আপিলকারীকে শুনানী দিয়ে

এবং কাগজপত্র যাচাই করে শুনানী গ্রহণের পরবর্তী ১৫ দিনের মধ্যে আপীল আবেদন নিষ্পত্তিপূর্বক প্রাথমিক তালিকা চূড়ান্ত করে সরকারের নিকট সুপারিশ করবে। উক্ত সুপারিশের ভিত্তিতে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কোনো প্রতিষ্ঠান এমপিওভুক্তির আদেশ দিতে পারবে;

(গ) কোনো শিক্ষা প্রতিষ্ঠান কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক এমপিওভুক্তির আদেশ প্রাপ্ত হলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর প্রতিষ্ঠানের ধরন অনুযায়ী এমপিও কোড প্রদান করবে।

১৭.০। **শিক্ষক/কর্মচারীর এমপিও ছাড়করণ পদ্ধতিঃ**

১৭.১ এমপিও প্রাপ্তির জন্য শিক্ষক/কর্মচারীকে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে প্রয়োজনীয় কাগজপত্র ও তথ্যাদিসহ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের নির্দেশিত প্রক্রিয়ায় অনলাইনে আবেদন করতে হবে এবং আবেদনের সাথে পরিশিষ্ট 'ঙ' তে উল্লিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে। অনলাইন আবেদন বাতিল করতে হলে এ নীতিমালার কোন অনুচ্ছেদের শর্ত (বা শর্তের কোন অংশ) প্রতিপালন না করায় বাতিল করা হয়েছে তা বাতিল আদেশে আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

১৭.২ প্রতিষ্ঠান প্রধান প্রতি মাসের ০৪ তারিখের মধ্যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার অথবা আঞ্চলিক কার্যালয়ের সহকারী পরিচালক প্রতি মাসের ০৮ তারিখের মধ্যে অনলাইনে (অথবা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক নির্ধারিত অন্য কোন পদ্ধতিতে) আবেদনপত্র এ নীতিমালার আলোকে পরীক্ষা-নিরীক্ষা করে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবে। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ২০ তারিখের মধ্যে শিক্ষক/কর্মচারীদের এমপিও ছাড়করণের জন্য কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নিকট প্রস্তাব প্রেরণ করবে। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ ২৫ তারিখের মধ্যে মঞ্জুরী প্রদান করবে।

১৭.২.১ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের নেতৃত্বে শিক্ষক-কর্মচারীর এমপিওভূক্তির লক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের এমপিও শাখার সংশ্লিষ্ট কর্মকর্তা এবং এনটিআরসিএ এর একজন করে প্রতিনিধিসহ ৭ (সাত) সদস্য বিশিষ্ট 'এমপিওভুক্তির আবেদন বাছাই ও অনুমোদন কমিটি' নামে একটি কমিটি থাকবে।

১৭.২.২ উক্ত কমিটি নীতিমালা ও আর্থিক বিধি-বিধান এবং বাজেট বরাদ্দের বিষয় বিবেচনায় নিয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/আঞ্চলিক কার্যালয়ের সহকারী পরিচালক (অনলাইনে) এর নিকট হতে প্রাপ্ত এমপিও সংক্রান্ত আবেদন যাচাই-বাছাই করে সিদ্ধান্ত গ্রহণ করবে।

১৭.৩ অসত্য তথ্য প্রদান, জ্যেষ্ঠতা লঙ্ঘন করে মাদ্রাসার ভারপ্রাপ্ত প্রধানের দায়িত্ব গ্রহণ, তথ্য গোপন করা ভুয়া বা জাল কাগজপত্র দাখিল, প্রাপ্যতা না থাকা সত্ত্বেও আবেদনপত্র প্রেরণ করার কারণে এমপিও ছাড়করণে অনিয়মের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান/শিক্ষক-কর্মচারী/প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি/গভর্নিং বডি দায়ী থাকবেন এবং তাদের বিরুদ্ধে যথোপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭.৪ ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি এবং প্রতিষ্ঠান প্রধান এমপিও বিলে যৌথভাবে স্বাক্ষর করবেন। নিয়মিত কমিটি/এডহক কমিটি/সভাপতির অবর্তমানে অথবা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ম্যানেজিং কমিটির মধ্যে সৃষ্ট মতপার্থক্যের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে এমপিও উত্তোলনের ক্ষেত্রে জটিলতা তৈরি হলে জেলা সদরে অবস্থিত মাদ্রাসার ক্ষেত্রে জেলা প্রশাসক/অতিরিক্ত জেলা প্রশাসক এবং জেলা সদরের বাইরের মাদ্রাসার ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার সভাপতির স্থলে স্বাক্ষর করবেন। প্রতিষ্ঠান প্রধানের অবর্তমানে প্রতিষ্ঠানের সহকারী প্রধান এবং তার অবর্তমানে প্রতিষ্ঠানের জ্যেষ্ঠতম শিক্ষক প্রতিষ্ঠান প্রধানের স্থলে স্বাক্ষর করবেন।

১৭.৫ এমপিওভুক্ত প্রতিষ্ঠানে এনটিআরসিএ এর সুপারিশ প্রাপ্ত হয়ে এমপিও পদে যোগদানকৃত শিক্ষক/প্রদর্শকের একাডেমিক সার্টিফিকেট, প্রয়োজনীয় কাগজপত্র এনটিআরসিএ এর নিবন্ধন ও সুপারিশ যথাযথ থাকলে (যাচাইপূর্বক) এবং অতীত অপরাধমূলক/বিরূপ কোনো রেকর্ড না থাকলে ও প্রতিষ্ঠানে কর্মরত থাকলে তাদের এমপিওভুক্তি শিক্ষা প্রতিষ্ঠানে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

১৮। **এমপিও স্থগিত, কর্তন ও বাতিলকরণ:**

১৮.১ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ নিম্নোক্ত কারণে শিক্ষক-কর্মচারীর এমপিও নির্দিষ্ট সময়ের জন্য সাময়িকভাবে স্থগিত, আংশিক বা সম্পূর্ণ কর্তন কিংবা বাতিল করতে পারবে, তবে যৌক্তিক কারণ জানিয়ে মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এমপিও সাময়িক স্থগিত করে মন্ত্রণালয়কে অবহিত করবেন।

(ক) এ নীতিমালার ৫ এ বর্ণিত আবশ্যকীয় শর্ত পূরণ না করলে বা প্রতিষ্ঠানের এমপিওভুক্তির শর্ত ভঙ্গ প্রমাণিত হলে প্রতিষ্ঠানের এমপিও স্থগিত/বাতিল করা যাবে;

(খ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ বা মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক হিসাব সংরক্ষণ ও আয়-ব্যয় নিরীক্ষা না করলে বা তথ্য প্রদান না করলে অথবা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনা প্রতিপালন না করলে প্রতিষ্ঠান প্রধানের এমপিও স্থগিত/বাতিল করা হবে এবং পরিচালনা কমিটির বিরুদ্ধে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক ব্যবস্থা নেয়া হবে;

(গ) মিথ্যা তথ্য প্রদান, অবৈধ শিক্ষক নিয়োগ, ভুয়া শাখা/মিথ্যা শিক্ষার্থী প্রদর্শন, পাবলিক পরীক্ষায় অসদুপায় অবলম্বন অথবা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর কোনো সিদ্ধান্ত প্রতিপালন না করলে বা বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় এর আপীল এ্যান্ড আরবিট্রেশন এর সিদ্ধান্ত প্রতিপালন না করলে প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষক-কর্মচারী বা প্রতিষ্ঠান প্রধানের এমপিও কর্তন করা হবে;

(ঘ) প্রতিষ্ঠান কর্তৃক NTRCA তে শিক্ষক/কর্মচারীর চাহিদা দিলে উক্ত পদসমূহে NTRCA কর্তৃক সুপারিশকৃত শিক্ষক/কর্মচারী কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অনুমোদনক্রমে নিয়োগ দিতে হবে। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের মধ্যমেয়াদি বাজেটে প্রয়োজনীয় বরাদ্দ থাকলে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করবে। প্যাটার্ন অতিরিক্ত চাহিদা দিলে উক্ত শিক্ষক/কর্মচারীর শতভাগ এমপিও প্রতিষ্ঠান থেকে নির্বাহ করতে হবে। এর ব্যত্যয় ঘটলে প্রতিষ্ঠান প্রধানের এমপিও স্থগিত/বাতিল করা হবে এবং পরিচালনা কমিটির বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে;

(ঙ) এমপিওভুক্তির জন্য জাল শিক্ষাগত যোগ্যতার সনদ/নিবন্ধন সনদ প্রদান, জাল নিয়োগ সংক্রান্ত রেকর্ড প্রদান, সরকার কর্তৃক নির্ধারিত কোটা অনুসরণ ব্যতীত শিক্ষক নিয়োগ প্রদান এবং প্যাটার্ন বহির্ভূত পদে এমপিওভুক্তির জন্য আবেদন প্রেরণ করলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান বা শিক্ষক বা কর্মচারীর এমপিও স্থগিত/বাতিল করা হবে এবং পরিচালনা কমিটির বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে;

(চ) এমপিও বিষয়ে উত্থাপিত অভিযোগের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক তদন্তের ভিত্তিতে প্রাথমিক সত্যতা প্রমাণিত হলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অনুমোদনের আলোকে ক্ষেত্রমতে এমপিও স্থগিত, কর্তন বা বাতিল করা হবে।

১৮.২ (ক) এ নীতিমালার বিধানের পরিপন্থি কাজে জড়িত থাকা, প্রাতিষ্ঠানিক শৃঙ্খলা ভঙ্গ, অসদাচরণ বা নৈতিক স্খলনজনিত কোন অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়া গেলে পরিচালনা কমিটি মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের অনুমোদনক্রমে কোন শিক্ষক/কর্মচারীকে সাময়িক বরখাস্ত (প্রয়োজন মনে করলে) করতে পারবে। তবে কোন শিক্ষক/কর্মচারীকে ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি কর্তৃক ১৮০ দিনের বেশি সাময়িক বরখাস্ত করে রাখা যাবে না।মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর যাচাই-বাছাই করে যৌক্তিকতাসহ প্রস্তাব কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে প্রেরণ করবে। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রস্তাবনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

(খ) এমপিও স্থগিত করার ৬০ দিনের মধ্যে তদন্ত করে অভিযোগ (যে অভিযোগের ভিত্তিতে এমপিও সাময়িকভাবে স্থগিত করা হয়েছে) প্রমাণিত হলে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করার জন্য পরিচালনা কমিটি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের আপীল আরবিট্রেশন কমিটির নিকট প্রেরণ নিশ্চিত করবে;

(গ) প্রযোজ্য ক্ষেত্রে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের আপীল আরবিট্রেশন কমিটি তদন্ত প্রতিবেদন পাওয়ার ৬০ দিনের মধ্যে অভিযোগ নিষ্পত্তি (অভিযোগ প্রমাণিত/অপ্রমাণিত) করে সুপারিশসহ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করবে;

(ঘ) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ১৫ দিনের মধ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ প্রেরণ নিশ্চিত করবে;

(ঙ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ ৩০ দিনের মধ্যে আপীল আরবিট্রেশন কমিটির সুপারিশের আলোকে বিষয়টি চূড়ান্ত নিষ্পত্তি নিশ্চিত করবে।

(চ) মাদ্রাসা পরিচালনা কমিটি এ নীতিমালা প্রতিপালন না করলে/ কমিটির বিরুদ্ধে কোন অভিযোগের সত্যতা প্রমানিত হলে/ উপযুক্ত কারন ব্যতীত কোন শিক্ষক-কর্মচারীদের এমপিও সাময়িক বা স্থায়ীভাবে স্থগিত করলে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সুপারিশের আলোকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড/ইসলামি আরবী বিশ্ববিদ্যালয় কমিটি বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।

১৮.৩ এমপিও স্থগিত অথবা বাতিলকৃত কোন প্রতিষ্ঠান পরবর্তীতে এমপিও-র শর্তপূরণ করলে পুনরায় এমপিও ছাড়ের যোগ্য বিবেচিত হবে। এ ক্ষেত্রে এমপিও স্থগিত থাকা সময়ের কোন বকেয়া এমপিও প্রাপ্য হবে না।

১৮.৪ প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে এমপিও উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসাবে তা এমপিও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।

১৮.৫ ক) কোন শিক্ষক-কর্মচারী মামলায় সাজাপ্রাপ্ত হয়ে কারাগারে অন্তরীন থাকলে এমপিও প্রাপ্য হবেন না; তবে মামলা চলমান থাকা অবস্থায় মাদ্রাসায় কর্মরত থাকলে নিয়মিত হারে এমপিও প্রাপ্য হবেন। তবে ফৌজদারি মামলায় নির্দোষ প্রমাণিত হলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সুপারিশের আলোকে বকেয়া এমপিও প্রদানের বিষয়ে বিবেচনা করবে;

খ) দেওয়ানী মামলায় আদালতের নির্দেশনার আলোকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১৮.৬ এমপিও স্থগিত, বাতিল এবং পুনরায় চালুর ক্ষেত্রে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন প্রয়োজন হবে।

১৮.৭ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক স্থগিতকৃত সরকারি অংশের কোন বকেয়া এমপিও অধিদপ্তর কর্তৃক প্রদান করা হবে না।

১৯। পুন:বিবেচনার আবেদন: কোন প্রতিষ্ঠান/শিক্ষক-কর্মচারীর এমপিও কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক স্থগিত, কর্তন ও বাতিলের বিরুদ্ধে নিম্নোক্তভাবে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নিকট পুন:বিবেচনার জন্য আবেদন করা যাবে;

(ক) প্রতিষ্ঠানের প্রধান বা শিক্ষক-কর্মচারীর পুন: বিবেচনার আবেদন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক বরাবর উপযুক্ত কারণ উল্লেখপূর্বক ও প্রমাণাদি সহকারে ৩০ দিনের মধ্যে করতে হবে;

(খ) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এটি পরীক্ষান্তে ৩০ দিনের মধ্যে শুনানী গ্রহণপূর্বক মতামতসহ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগে প্রেরণ করবে।

(গ) এ বিষয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক গঠিত নিম্নোক্ত কমিটি সংশ্লিষ্ট বিধি-বিধান অনুযায়ী চূড়ান্ত নিষ্পত্তির জন্য সুপারিশ প্রদান করবে:

| | | |
|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (প্রশাসন), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | সভাপতি |
| ২. | মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি (পরিচালক পর্যায়ের নিম্নে নয়) | সদস্য |
| ৩. | পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের প্রতিনিধি (যুগ্ম-পরিচালকের নিম্নে নয়) | সদস্য |
| ৪. | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অডিট ও আইন অনুবিভাগের প্রতিনিধি (উপ-সচিব পর্যায়ের নিম্নে নয়) | সদস্য |
| ৫. | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের মাদ্রাসা অনুবিভাগের প্রতিনিধি (উপ-সচিব পর্যায়ের নিম্নে নয়) | সদস্য |
| ৬. | ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি (উপ-রেজিস্টার পর্যায়ের নিম্নে নয়) | সদস্য |
| ৭. | অর্থ বিভাগের সিনিয়র সহকারী সচিব/উপসচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৮. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (এমপিও), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ | সদস্য সচিব |

(ঘ) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিষয়টি (কমিটির সুপারিশ বিবেচনায় নিয়ে) নিষ্পত্তি করবেন।

২০। **শিক্ষক ও শিক্ষা প্রতিষ্ঠান মূল্যায়ন ব্যবস্থা:** প্রতিষ্ঠান প্রধানসহ সকল এমপিওভুক্ত শিক্ষকের কাজের মূল্যায়নের ব্যবস্থা থাকতে হবে। প্রত্যেক এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান ও এমপিওভুক্ত শিক্ষকের বার্ষিক মূল্যায়নের ব্যবস্থা করবে। এ বিষয়ে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

২১। **আঞ্চলিক সামঞ্জস্য বিধান:** এমপিওভুক্তির জন্য শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের ক্ষেত্রে আঞ্চলিক সামঞ্জস্য রক্ষা করতে হবে। এই নীতিমালা অনুসরণে নতুন প্রতিষ্ঠান (মাদ্রাসা) এমপিওভুক্ত করার ক্ষেত্রে উপজেলার জনসংখ্যা, এমপিওভুক্ত প্রতিষ্ঠানের সংখ্যা ও প্রতিষ্ঠানের ধরন বিবেচনা করতে হবে। এক্ষেত্রে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় যথাযথ সূচক/প্রক্রিয়া নির্ধারণ এবং কার্যকর করবে।

২২। **বিশেষ ক্ষেত্রে শর্ত শিথিল**: শিক্ষায় অনগ্রসর, ভৌগোলিকভাবে অসুবিধাজনক (Geographically disadvantaged) পাহাড়ী এলাকা, হাওড়-বাওড়, চরাঞ্চল, নারী শিক্ষা, সামাজিকভাবে অনগ্রসর গোষ্ঠী, প্রতিবন্ধী, মানসম্মত শিক্ষা প্রদানকারী শিক্ষা প্রতিষ্ঠান, বিশেষায়িত শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার ক্ষেত্রে বা কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের বিবেচনায় অগ্রাধিকার পাওয়ার যোগ্য যে কোন ক্ষেত্রে (বিশেষ বিবেচনায়) শর্ত শিথিল করা যেতে পারে।

২৩। এমপিওভুক্তির পর সহশিক্ষা পাঠদানকারী মাদ্রাসাকে বালিকা/মহিলা মাদ্রাসায় অথবা বালিকা/মহিলা মাদ্রাসাকে সহশিক্ষা পাঠদানকারী মাদ্রাসায় পরিবর্তন করা যাবে না।

২৪। **প্রতিষ্ঠান ও শিক্ষক মূল্যায়ন:**

২৪.১ দক্ষ মানব সম্পদ তৈরির লক্ষ্যে প্রতিষ্ঠান ও শিক্ষক পর্যায়ে সৃজনশীলতা, কর্মদক্ষতা, উদ্ভাবনী ক্ষমতা ও প্রযুক্তিগত দক্ষতা মূল্যায়নের লক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ উদ্যোগ গ্রহণ করতে পারবে।

২৪.২ প্রতিষ্ঠান প্রধান অনুচ্ছেদ ২৪.১ অনুযায়ী শিক্ষক/কর্মচারীদের বার্ষিক মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করবে।

২৪.৩ প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি/এডহক কমিটি অনুচ্ছেদ ২৪.১ অনুযায়ী প্রতিষ্ঠান প্রধানের মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করবে। ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি/এডহক কমিটির অবর্তমানে এমপিও প্রতিস্বাক্ষরকারী বিকল্প কর্মকর্তা উক্তরূপ মূল্যায়নের ব্যবস্থা গ্রহণ করবে।

২৫। **পেশার উৎকর্ষ সাধন:**

২৫.১ শিক্ষকতার ক্ষেত্রে নির্ধারিত পাঠ্যক্রম, শিক্ষণ-শিখন, নিয়মানুবর্তিতা ও শুদ্ধাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে।

২৫.২ বিষয়ভিত্তিক উচ্চমানের দক্ষতা অর্জনের পাশাপাশি সৃজনশীল কর্মকাণ্ডে পারদর্শী হতে হবে।

২৫.৩ কোচিং বাণিজ্য ও শ্রেণিকক্ষে গাইড বই/অননুমোদিত বই ব্যবহার হতে বিরত থাকতে হবে।

২৫.৪ প্রতিষ্ঠানের প্রশাসনিক ও একাডেমিক শৃঙ্খলা রক্ষায় কর্তৃপক্ষের নির্দেশনা প্রতিপালন করতে হবে।

২৬। **রহিতকরণ ও হেফাজতকরণ:** এ নীতিমালা কার্যকর হওয়ার পূর্বে জারিকৃত শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের এতদসংক্রান্ত সকল আদেশ ও নির্দেশনায় বর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও এবং জনবল কাঠামো সম্পর্কিত সংশ্লিষ্ট অংশসমূহ বাতিল বলে গণ্য হবে। তবে পূর্বের নীতিমালার আওতায় সম্পন্ন হওয়া সকল কাজ বৈধ মর্মে বিবেচিত হবে।

২৭। **নীতিমালার কার্যকারিতা:** এ নীতিমালা নিম্নরূপভাবে কার্যকর হবে:

(ক) নীতিমালা জারি হওয়ার পূর্বে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীর এমপিও প্রদান অব্যাহত থাকবে;

(খ) নিবন্ধন পরীক্ষা ও এনটিআরসিএ কর্তৃক শিক্ষক নির্বাচন চালু হওয়ার পূর্বে পাঠদানের অনুমতি প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের বিধিমোতাবেক নিয়োগপ্রাপ্ত শিক্ষকগণের নিবন্ধন পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজন হবে না; শর্ত থাকে যে, এনটিআরসিএ সংক্রান্ত বিধান চালু হওয়ার পূর্বে পাঠদানের জন্য আবেদনকৃত তবে এনটিআরসিএ সংক্রান্ত বিধান চালু হওয়ার পর পাঠদানের (পূর্বের আবেদনের ভিত্তিতে) অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠানে নিয়োগপ্রাপ্ত (প্রযোজ্য বিধানের আলোকে) শিক্ষকগণের নিবন্ধন পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজন হবে না;

(গ) এ নীতিমালা জারি হওয়ার পর এমপিওভুক্ত মাদ্রাসাসমূহের [সংযুক্ত ইবতেদায়ি মাদ্রাসা, দাখিল মাদ্রাসা, আলিম মাদ্রাসা, ফাযিল (পাস/ সম্মান) মাদ্রাসা এবং কামিল/ কামিল (মাস্টার্স) মাদ্রাসা] ক্ষেত্রে এই নীতিমালা প্রযোজ্য হবে;

(ঘ) কোন প্রতিষ্ঠান প্রধান/শিক্ষক/কর্মচারী কর্তৃক এ নীতিমালার পরিপন্থি কোন কাজ সম্পাদিত হলে তা অপরাধ মর্মে গণ্য হবে এবং অনুচ্ছেদ ১৮.১ (গ) এর আওতায় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

(ঙ) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ জনস্বার্থে এ নীতিমালা প্রয়োজনে সংশোধন করতে পারবে;

(চ) এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।

২৮। **ব্যাখ্যা:** এ নীতিমালার কোন অনুচ্ছেদ বা অংশের বা বাক্যের বা বাক্যাংশের ব্যাখ্যার প্রয়োজন হলে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নিকট হতে তা গ্রহণ করতে হবে এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ব্যাখ্যাই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

০১.০২.২৬

মুহাম্মদ রফিকুল ইসলাম
সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১ সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২ সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩ বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ
০৪ ভিসি, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, বছিলা, ঢাকা।
০৫ অতিরিক্ত সচিব (সকল), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬ মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
০৭ মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
০৮ মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলি রোড, গাইড হাউস, রমনা, ঢাকা
০৯ মহাপরিচালক, জাতীয় শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ঢাকা
১০ প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, ঢাকা
১১ চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা
১২ মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ধানমন্ডি, ঢাকা
১৩ যুগ্মসচিব, (সকল) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪ জেলা প্রশাসক ....................................................(সকল)
১৫ চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা
১৬ চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা
১৭ চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি),মতিঝিল, ঢাকা
১৮ অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, গাজীপুর
১৯ ব্যবস্থাপনা পরিচালক, সোনালী/অগ্রণী/জনতা/রূপালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা
২০ পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা
২১ পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর
২২ উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশপূর্বক প্রকাশিত গেজেটের ৩০০ কপি এ বিভাগে প্রেরণের অনুরোধসহ)
২৩ উপজেলা নির্বাহী অফিসার ................................ .... (সকল)
২৪ জেলা শিক্ষা অফিসার/ জেলা মাদ্রাসা শিক্ষা অফিসার............................................ (সকল)
২৫ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ..........................(সকল)
২৬ প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.২২.০০১.২৫-১৩

তারিখ: ১৮ মাঘ ১৪৩২ / ১ ফেব্রুয়ারি ২০২৬

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মাননীয় প্রধান উপদেষ্টার সদয় অবগতির জন্য)
২. শিক্ষা উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় শিক্ষা উপদেষ্টার সদয় অবগতির জন্য)
৩. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. অফিস কপি।

০১.০২.২০২৬

মোঃ আব্দুল হান্নান
উপসচিব (এমপিও)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ

<u>**প্রতিষ্ঠান এমপিওভুক্তির যোগ্যতা ও শর্ত**</u>

## পরিশিষ্ট-'ক'

### ক. ভৌগোলিক দূরত্বভিত্তিক প্রাপ্যতা :

| এলাকা | দাখিল মাদ্রাসা | আলিম মাদ্রাসা | মন্তব্য |
|---|---|---|---|
| সিটি কর্পোরেশন, শিল্প এলাকা ও প্রথম শ্রেণির পৌরসভা | ২ কি. মি. | ২ কি.মি. | ব্যানবেইস থেকে ক্যাচমেন্ট এলাকার পার্শ্ববর্তী মাদ্রাসার দূরত্বসহ জিপিএস ম্যাপ সংগ্রহ করতে হবে। |
| মফস্বল এলাকা<br>(সিটি কর্পোরেশন, শিল্প এলাকা ও প্রথম শ্রেণির পৌরসভা ব্যতীত) | ৪ কি.মি. | ৬ কি.মি. | সিটি কর্পোরেশন, পৌরসভা এবং শিল্প এলাকার ক্ষেত্রে জনসংখ্যা বিবেচনায় দূরত্বের শর্ত শিথিলযোগ্য হবে। |

| | | |
|---|---|---|
| ফাযিল (পাস/ সম্মান)/কামিল/ কামিল (মাস্টার্স) | সকল | ১০ কি. মি. |

বি:দ্র: শহর বলতে সিটি কর্পোরেশন ও পৌর এলাকাকে বুঝাবে।

### খ) জনসংখ্যার ভিত্তিতে প্রাপ্যতা :

| দাখিল মাদ্রাসা | আলিম মাদ্রাসা | ব্যতিক্রম |
|---|---|---|
| ১৫,০০০<br>(পনেরো হাজার)<br>জনগোষ্ঠীর জন্য ১ (এক) টি মাদ্রাসা | ৬৫,০০০<br>(পঁয়ষট্টি হাজার)<br>জনগোষ্ঠীর জন্য ১(এক) টি মাদ্রাসা | মাদ্রাসা শিক্ষায় অনগ্রসর, ভৌগোলিকভাবে অসুবিধাজনক, পাহাড়ি এলাকা, হাওড়-বাওড়, চরাঞ্চল, বিচ্ছিন্ন দ্বীপ, বস্তি এলাকা, নারীশিক্ষা, সামাজিকভাবে অনগ্রসর গোষ্ঠীর ক্ষেত্রে মাদ্রাসা স্থাপন/পাঠদান/একাডেমিক স্বীকৃত প্রদানের অনুমতির ক্ষেত্রে বিশেষ বিবেচনায় শর্ত শিথিলযোগ্য হবে।<br>*সিটি কর্পোরেশন, প্রথম শ্রেণির পৌরসভা এবং শিল্প এলাকার ক্ষেত্রে জনসংখ্যা বিবেচনায় ৫০% শর্ত শিথিল করা যাবে।<br>* সড়ক ও বিদ্যুৎ সংযোগ না থাকলে মাদ্রাসা স্থাপনের অনুমতি প্রদান করা যাবে না (প্রযোজ্য ক্ষেত্রে)। |

## পরিশিষ্ট-'খ'

এমপিও প্রাপ্তির জন্য কাম্য শিক্ষার্থী সংখ্যা:

| শিক্ষা প্রতিষ্ঠানের ধরন | অঞ্চল | সহশিক্ষা/শুধু বালক প্রতিষ্ঠানের জন্য | শুধু বালিকা প্রতিষ্ঠানের জন্য |
|---|---|---|---|
| দাখিল (১ম-১০ম) | সিটি কর্পোরেশন | ৩০০ জন | ২৫০ জন |
| | পৌর এলাকা | ২৭৫ জন | ২২৫ জন |
| | মফস্বল | ২৫০ জন | ২০০ জন |
| আলিম (১ম-১২শ) | সিটি কর্পোরেশন | ৪০০ জন | ৩০০ জন |
| | পৌর এলাকা | ৩৫০ জন | ২৭৫ জন |
| | মফস্বল | ৩০০ জন | ২৫০ জন |
| ফাযিল (১ম-১৫শ)/ ফাযিল (সম্মান) (১ম-১৬শ) | সিটি কর্পোরেশন | ৪২৫ জন | ৩২৫ জন |
| | পৌর এলাকা | ৩৯০ জন | ৩০০ জন |
| | মফস্বল | ৩৫০ জন | ২৭৫ জন |
| কামিল/কামিল (মাস্টার্স) মাদ্রাসা (১ম-১৭শ) | সিটি কর্পোরেশন | ৪৬০ জন | ৩৬০ জন |
| | পৌর এলাকা | ৪২০ জন | ৩৩৫ জন |
| | মফস্বল | ৩৮৫ জন | ৩১০ জন |

## পরিশিষ্ট-'গ'

পরীক্ষার ফলাফল

এমপিও প্রাপ্তির জন্য পাবলিক পরীক্ষায় নিম্নরূপ **পরীক্ষার্থী সংখ্যা ও** ফলাফল থাকতে হবে:

| পাবলিক পরীক্ষার নাম | অঞ্চল | সহশিক্ষা/শুধু বালক প্রতিষ্ঠানের জন্য | শুধু বালিকা প্রতিষ্ঠানের জন্য | পাশের ন্যূনতম হার |
|---|---|---|---|---|
| দাখিল | সিটি কর্পোরেশন | ২৪ জন | ২২ জন | ৭০% |
| | পৌর এলাকা | ২০ জন | ১৮ জন | ৬০% |
| | মফস্বল | ১৮ জন | ১৬ জন | ৫৫% |
| আলিম | সিটি কর্পোরেশন | ২৪ জন | ২২ জন | ৬৫% |
| | পৌর এলাকা | ২০ জন | ১৮ জন | ৫৫% |
| | মফস্বল | ১৮ জন | ১৬ জন | ৫০% |
| ফাযিল (পাস/সম্মান) | সিটি কর্পোরেশন | ২৪ জন | ২২ জন | ৬০% |
| | পৌর এলাকা | ২০ জন | ১৮ জন | ৫০% |
| | মফস্বল | ১৮ জন | ১৬ জন | ৪৫% |
| কামিল/কামিল(মাস্টার্স) | সিটি কর্পোরেশন | ২৪ জন | ২২ জন | ৬০% |
| | পৌর এলাকা | ২০ জন | ১৮ জন | ৫০% |
| | মফস্বল | ১৮ জন | ১৬ জন | ৪৫% |

## পরিশিষ্ট-'ঘ'

**বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) এর শিক্ষক কর্মচারীদের জন্য নিয়োগ, যোগ্যতা, অভিজ্ঞতা ও বেতনস্কেল:**

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অভিজ্ঞতা ও চাকুরীতে প্রবেশের বয়সসীমা | বেতন স্কেল ও গ্রেড |
|---|---|---|---|---|
| ১। | অধ্যক্ষ কামিল/কামিল (মাস্টার্স) মাদ্রাসা | (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা ইসলামি বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে কামিল ডিগ্রি; অথবা<br>(২) দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী বিষয়সমূহে (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্ট্যাডিজ, আরবি, আরবি ভাষা ও সাহিত্য, ইসলামিক স্টাডিজসহ অন্যান্য) স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী। | কামিল/ ফাযিল মাদ্রাসার অধ্যক্ষ/উপাধ্যক্ষ/ মুহাদ্দিস/ মুফাসসির/ ফকিহ/ আদিব/ সহকারী অধ্যাপক পদে ৩ বছরের অভিজ্ঞতা।<br><br>তবে, এম.ফিল ডিগ্রিধারীদের ক্ষেত্রে ২ বছর এবং পিএইচডি ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৪ বছর শিক্ষকতার অভিজ্ঞতা শিথিলযোগ্য। | গ্রেড-৪<br>৫০০০০-৭১২০০/- |
| ২। | উপাধ্যক্ষ কামিল/ কামিল (মাস্টার্স) মাদ্রাসা | (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা ইসলামি বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে কামিল ডিগ্রি; অথবা<br>(২) দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী বিষয়সমূহে (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্ট্যাডিজ, আরবি, আরবি ভাষা ও সাহিত্য, ইসলামিক স্টাডিজসহ অন্যান্য) স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী। | কামিল/ ফাযিল মাদ্রাসার সহকারী অধ্যাপক পদে ৩ বছরের অভিজ্ঞতা।<br>অথবা<br>কামিল মাদ্রাসার মুহাদ্দিস/ মুফাসসির/ ফকিহ/ আদিব পদে ৩ বছরের অভিজ্ঞতা।<br>অথবা<br>আলিম মাদ্রাসার অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে ৩ বছরের অভিজ্ঞতা।<br>অথবা<br>কামিল/ফাজিল/আলিম মাদ্রাসার প্রভাষক পদে (আরবি বিষয়সমূহে) ১৫ বছরের অভিজ্ঞতা।<br>তবে, এম.ফিল ডিগ্রিধারীদের ক্ষেত্রে ২ বছর এবং পিএইচডি ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৪ বছর শিক্ষকতার অভিজ্ঞতা শিথিলযোগ্য। | গ্রেড-৫<br>৪৩০০০-৬৯৮৫০/- |
| ৩। | সহকারী অধ্যাপক কামিল/ কামিল (মাস্টার্স) মাদ্রাসার জন্য (কেবল পদোন্নতির যোগ্য পদ) | (১) এমপিওভুক্ত প্রভাষকগণ প্রভাষক পদে এমপিওভুক্তির ৮ বছর পূর্তিতে ৫০% হিসেবে ১৩ অনুচ্ছেদে বর্ণিতমতে জ্যেষ্ঠতা নির্ধারণ সাপেক্ষে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি পাবেন।<br>(২) অন্যান্য প্রভাষকগণ এমপিওভুক্তির ১০ (দশ) বছর সন্তোষজনক চাকুরী পূর্তিতে জাতীয় বেতন স্কেলের গ্রেড ৯ থেকে ৮ প্রাপ্য হবেন এবং পরবর্তী ৬ (ছয়) বছর পর অর্থাৎ ধারাবাহিকভাবে এমপিওভুক্তির ১৬ (ষোল) বছর সন্তোষজনক চাকুরী পূর্তিতে | প্রভাষক হিসেবে এমপিওভুক্ত পদে ৮ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>তবে, এম.ফিল ডিগ্রিধারীদের ক্ষেত্রে ২(দুই) বছর এবং পিএইচডি ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৪(চার) বছর শিক্ষকতার অভিজ্ঞতা শিথিলযোগ্য। | গ্রেড-৬<br>৩৫৫০০-৬৭০১০/- |

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অভিজ্ঞতা ও চাকুরীতে প্রবেশের বয়সসীমা | বেতন স্কেল ও গ্রেড |
|---|---|---|---|---|
| | | সহকারী অধ্যাপক পদে পদোন্নতি পাবেন। | | |
| ৪। | মুহাদ্দিস/মুফাসসির/ফকিহ্/ আদিব (কামিল/স্নাতকোত্তর মাদ্রাসার জন্য) | ১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে (মুহাদ্দিস এর জন্য হাদিস/আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, মুফাসসির এর জন্য তাফসীর/আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, ফকিহ এর জন্য ফিকহ্/আল ফিকহ অ্যান্ড ইসলামিক/ আল ফিকহ অ্যান্ড লিগ্যাল স্টাডিজ, আদিব এর জন্য আদব/আরবি/আরবি ভাষা ও সাহিত্য) কামিল/স্নাতকোত্তর ডিগ্রি। | কামিল/ফাযিল/আলিম মাদ্রাসায় ফিকহ্/আদব/হাদিস/তাফসীর/ আরবি বিষয়সমূহে প্রভাষক হিসেবে এমপিওভুক্ত পদে ০৮ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br><br>তবে, এম.ফিল ডিগ্রিধারীদের ক্ষেত্রে ২(দুই) বছর এবং পিএইচডি ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৪(চার) বছর শিক্ষকতার অভিজ্ঞতা শিথিলযোগ্য। | গ্রেড-৬ ৩৫৫০০-৬৭০১০/- |
| ৫। | প্রভাষক কামিল (স্নাতকোত্তর মাদ্রাসার হাদিস/তাফসীর/ফিকহ্/ আদব বিভাগের জন্য প্রযোজ্য।) | (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা ইসলামি বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে কামিল ডিগ্রি; অথবা<br>(২) দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী বিষয়সমূহে (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্ট্যাডিজ, আরবি, আরবি ভাষা ও সাহিত্য, ইসলামিক স্টাডিজসহ অন্যান্য) স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী। | সর্বোচ্চ ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য।) | গ্রেড-৯ ২২০০০-৫৩০৬০/- |
| ৬। | প্রভাষক কামিল (মাস্টার্স) (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্ট্যাডিজ, আরবি ভাষা ও সাহিত্য) | (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী বিষয়সমূহে (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্ট্যাডিজ, আরবি, আরবি ভাষা ও সাহিত্য, ইসলামিক স্টাডিজসহ অন্যান্য) স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী। | সর্বোচ্চ ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য।) | গ্রেড-৯ ২২০০০-৫৩০৬০/- |
| ৭। | প্রভাষক কামিল (মাস্টার্স) (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) | (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে স্নাতক(সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী। | সর্বোচ্চ ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য।) | গ্রেড-৯ ২২০০০-৫৩০৬০/- |
| ৮। | প্রভাষক ফাযিল (সম্মান) (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্ট্যাডিজ, আরবি ভাষা ও | (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী বিষয়সমূহে (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্ট্যাডিজ, আরবি, আরবি ভাষা ও সাহিত্য, ইসলামিক | সর্বোচ্চ ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য।) | গ্রেড-৯ ২২০০০-৫৩০৬০/- |

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অভিজ্ঞতা ও চাকুরীতে প্রবেশের বয়সসীমা | বেতন স্কেল ও গ্রেড |
|---|---|---|---|---|
| | সাহিত্য) | স্টাডিজসহ অন্যান্য) স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী। | | |
| ৯। | প্রভাষক ফাযিল (সম্মান) (ইসলামের ইতিহাস ও সংস্কৃতি) | (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয়ে স্নাতক(সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী। | সর্বোচ্চ ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য।) | গ্রেড-৯ ২২০০০-৫৩০৬০/- |
| ১০। | অধ্যক্ষ [ফাযিল (পাস/সম্মান) মাদ্রাসার জন্য] | (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা ইসলামি বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে কামিল ডিগ্রি; অথবা<br>(২) দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী বিষয়সমূহে (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্ট্যাডিজ, আরবি, আরবি ভাষা ও সাহিত্য, ইসলামিক স্টাডিজসহ অন্যান্য) স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী। | কামিল/ ফাযিল/ আলিম মাদ্রাসার অধ্যক্ষ/উপাধ্যক্ষ/ মুহাদ্দিস/ মুফাসসির/ ফকিহ্/ আদিব/ সহকারী অধ্যাপক পদে ৩ বছরের অভিজ্ঞতা ।<br><br>তবে, এম.ফিল ডিগ্রিধারীদের ক্ষেত্রে ২(দুই) বছর এবং পিএইচডি ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৪(চার) বছর শিক্ষকতার অভিজ্ঞতা শিথিলযোগ্য। | গ্রেড-৪ ৫০০০০-৭১২০০/- |
| ১১। | উপাধ্যক্ষ [ফাযিল (পাস/সম্মান) মাদ্রাসার জন্য] | (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা ইসলামি বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে কামিল ডিগ্রি; অথবা<br>(২) দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী বিষয়সমূহে (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্ট্যাডিজ, আরবি, আরবি ভাষা ও সাহিত্য, ইসলামিক স্টাডিজসহ অন্যান্য) স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী। | কামিল/ফাযিল মাদ্রাসার মুহাদ্দিস/ মুফাসসির/ ফকিহ্/ আদিব/ সহকারী অধ্যাপক পদে ৩ বছরের অভিজ্ঞতা।<br>অথবা<br>আলিম মাদ্রাসার অধ্যক্ষ/উপাধ্যক্ষ পদে ৩ বছরের অভিজ্ঞতা।<br>অথবা<br>কামিল/ ফাযিল /আলিম মাদ্রাসার প্রভাষক পদে (আরবি বিষয়সমূহে) ১৫ বছরের অভিজ্ঞতা।<br><br>তবে, এম.ফিল ডিগ্রিধারীদের ক্ষেত্রে ২ বছর এবং পিএইচডি ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৪ বছর শিক্ষকতার অভিজ্ঞতা শিথিলযোগ্য। | গ্রেড-৫ ৪৩০০০-৬৯৮৫০/- |
| ১২। | সহকারী অধ্যাপক [ফাযিল (পাস/সম্মান) মাদ্রাসার জন্য] (কেবল পদোন্নতি যোগ্য পদ) | (১) এমপিওভুক্ত প্রভাষকগণ প্রভাষক পদে এমপিওভুক্তির ৮ বছর পূর্তিতে ৫০% হিসেবে ১৩ অনুচ্ছেদে বর্ণিত পারস্পরিক জ্যেষ্ঠতা নির্ধারণ সাপেক্ষে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি পাবেন ।<br>(২) অন্যান্য প্রভাষকগণ এমপিওভুক্তির ১০ (দশ) বছর সন্তোষজনক চাকুরী পূর্তিতে জাতীয় বেতন স্কেলের গ্রেড ৯ থেকে ৮ প্রাপ্য হবেন এবং পরবর্তী ৬ (ছয়) বছর পর | প্রভাষক হিসেবে এমপিওভুক্ত পদে ৮ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>তবে, এম.ফিল ডিগ্রিধারীদের ক্ষেত্রে ২ বছর এবং পিএইচডি ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৪ বছর শিক্ষকতার অভিজ্ঞতা শিথিলযোগ্য। | গ্রেড-৬ ৩৫৫০০-৬৭০১০/- |

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অভিজ্ঞতা ও চাকুরীতে প্রবেশের বয়সসীমা | বেতন স্কেল ও গ্রেড |
|---|---|---|---|---|
| | | অর্থাৎ ধারাবাহিকভাবে এমপিওভুক্তির ১৬ (ষোল) বছর সন্তোষজনক চাকুরী পূর্তিতে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি পাবেন। | | |
| ১৩। | অধ্যক্ষ (আলিম মাদ্রাসা) | (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা ইসলামি বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে কামিল ডিগ্রি; অথবা<br>(২) দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী বিষয়সমূহে (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্ট্যাডিজ, আরবি, আরবি ভাষা ও সাহিত্য, ইসলামিক স্টাডিজসহ অন্যান্য) স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী। | কামিল/ফাজিল/আলিম মাদ্রাসার সহকারী অধ্যাপক পদে ৩ বছরের অভিজ্ঞতা।<br>অথবা<br>আলিম মাদ্রাসার উপাধ্যক্ষ পদে ৩ বছরের অভিজ্ঞতা।<br>অথবা<br>কামিল মাদ্রাসার মুহাদ্দিস/ মুফাসসির/ ফকিহ্/ আদিব/ সহকারী অধ্যাপক পদে পদে ৩ বছরের অভিজ্ঞতা।<br>অথবা<br>কামিল/ ফাযিল/ আলিম মাদ্রাসার প্রভাষক পদে (আরবি বিষয়সমূহে) ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>অথবা<br>দাখিল মাদ্রাসার সুপার পদে ৫ বছরের অভিজ্ঞতা।<br>তবে, এম.ফিল ডিগ্রিধারীদের ক্ষেত্রে ২ বছর এবং পিএইচডি ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৪ বছর শিক্ষকতার অভিজ্ঞতা শিথিলযোগ্য। | গ্রেড-০৫<br>৪৩০০০/-<br>৬৯৮৫০/- |
| ১৪। | উপাধ্যক্ষ (আলিম মাদ্রাসা) | (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা ইসলামি বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে কামিল ডিগ্রি; অথবা<br>(২) দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী বিষয়সমূহে (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্ট্যাডিজ, আরবি, আরবি ভাষা ও সাহিত্য, ইসলামিক স্টাডিজসহ অন্যান্য) স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী। | কামিল/ফাজিল/আলিম মাদ্রাসার সহকারী অধ্যাপক পদে ২ বছরের অভিজ্ঞতা।<br>অথবা<br>কামিল মাদ্রাসার মুহাদ্দিস/ মুফাসসির/ ফকিহ্/ আদিব/ সহকারী অধ্যাপক পদে পদে ২ বছরের অভিজ্ঞতা।<br>অথবা<br>কামিল/ ফাযিল/ আলিম মাদ্রাসার প্রভাষক পদে (আরবি বিষয়সমূহে) ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>অথবা<br>দাখিল মাদ্রাসার সুপার পদে ৩ বছর বা সহ-সুপার হিসাবে ৫ বছরের অভিজ্ঞতা।<br>তবে, এম.ফিল ডিগ্রিধারীদের ক্ষেত্রে ২ বছর এবং পিএইচডি ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৪ বছর শিক্ষকতার অভিজ্ঞতা | গ্রেড-০৬<br>৩৫৫০০-<br>৬৭০১০/- |

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অভিজ্ঞতা ও চাকুরীতে প্রবেশের বয়সসীমা | বেতন স্কেল ও গ্রেড |
|---|---|---|---|---|
| | | | শিথিলযোগ্য। | |
| ১৫। | সহকারী অধ্যাপক (আলিম মাদ্রাসার জন্য) (কেবল পদোন্নতির যোগ্য পদ) | (১) এমপিওভুক্ত প্রভাষকগণ প্রভাষক পদে এমপিও ভুক্তির ৮ বছর পূর্তিতে ৫০% হিসেবে ১৩ অনুচ্ছেদে বর্ণিত জ্যেষ্ঠতা নির্ধারণ সাপেক্ষে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি পাবেন।<br>(২) অন্যান্য প্রভাষকগণ এমপিওভুক্তির ১০ (দশ) বছর সন্তোষজনক চাকুরী পূর্তিতে জাতীয় বেতন স্কেলের গ্রেড ৯ থেকে ৮ প্রাপ্য হবেন এবং পরবর্তী ৬ (ছয়) বছর পর অর্থাৎ ধারাবাহিকভাবে এমপিওভুক্তির ১৬ (ষোল) বছর সন্তোষজনক চাকুরী পূর্তিতে সহকারী অধ্যাপক পদে পদোন্নতি পাবেন। | প্রভাষক হিসেবে এমপিওভুক্ত পদে ৮ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা।<br>তবে, এম.ফিল ডিগ্রিধারীদের ক্ষেত্রে ২ বছর এবং পিএইচডি ডিগ্রিধারীদের ক্ষেত্রে ৪ বছর শিক্ষকতার অভিজ্ঞতা শিথিলযোগ্য। | গ্রেড-৬ ৩৫৫০০-৬৭০১০/- |
| ১৬। | প্রভাষক (আল কোরআন এন্ড ইসলামিক স্টাডিজ/আল হাদিস এন্ড ইসলামিক স্টাডিজ/দাওয়াহ এন্ড ইসলামিক স্টাডিজ/আরবি/আরবি ভাষা ও সাহিত্য/আল ফিকহ্ এন্ড ইসলামিক স্টাডিজ | (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা ইসলামি বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে কামিল ডিগ্রি; অথবা<br>(২) দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী বিষয়সমূহে (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্ট্যাডিজ, আরবি, আরবি ভাষা ও সাহিত্য, ইসলামিক স্টাডিজসহ অন্যান্য) স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী। | সর্বোচ্চ ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য। | গ্রেড-৯ ২২০০০-৫৩০৬০/- |
| ১৭। | প্রভাষক (সংশ্লিষ্ট বিষয় এবং এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) কলেজ/ইনস্টিটিউটের জনবল কাঠামো অনুযায়ী) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকে সংশ্লিষ্ট বিষয়সহ ২য় শ্রেণি/সমমানের স্নাতকোত্তর ডিগ্রি/সমমান<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদি ২য় শ্রেণি/ সমমানের স্নাতক (সম্মান) ডিগ্রি।<br><br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষা জীবনের অন্যান্য স্তরে ১ (এক) টির বেশি ৩য় শ্রেণি/বিভাগ অথবা সমমান জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-৯ ২২০০০-৫৩০৬০/- |

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অভিজ্ঞতা ও চাকুরীতে প্রবেশের বয়সসীমা | বেতন স্কেল ও গ্রেড |
|---|---|---|---|---|
| ১৮। | প্রভাষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/তথ্য প্রযুক্তি/ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে ৪(চার) বছর মেয়াদি ২য় শ্রেণি/সমমানের স্নাতক(সম্মান) ডিগ্রি;<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়সহ স্নাতক ডিগ্রি এবং ২য় শ্রেণি/সমমানের স্নাতকোত্তর ডিগ্রি ;<br><br>বর্ণিত সর্বশেষ ডিগ্রিতে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণি/সমমান থাকতে হবে এবং অন্যান্য ডিগ্রিগুলোতে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-৯ ২২০০০-৫৩০৬০/- |
| ১৯। | প্রভাষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান) | (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসা সমূহ হতে কামিল ও গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা। | সর্বোচ্চ ৩৫ বছর (তবে ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য। | গ্রেড-৯ ২২০০০-৫৩০৬০/- |
| ২০। | সুপারিনটেনডেন্ট | (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা ইসলামি বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে কামিল ডিগ্রি; অথবা<br>(২) দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী বিষয়সমূহে (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্ট্যাডিজ, আরবি, আরবি ভাষা ও সাহিত্য, ইসলামিক স্টাডিজসহ অন্যান্য) স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী। | দাখিল মাদ্রাসায় সহকারী সুপারিনটেনডেন্ট হিসেবে ৩ বছরের অভিজ্ঞতা ।<br>অথবা সহকারী মৌলভী/ ইবতেদায়ি প্রধান/স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার প্রধান শিক্ষক পদে ১২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। | গ্রেড-৭ ২৯০০০-৬৩৪১০/- |
| ২১। | সহকারী সুপারিনটেনডেন্ট | (১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে কামিল ডিগ্রি বা ইসলামি বিশ্ববিদ্যালয়/ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত মাদ্রাসাসমূহ হতে কামিল ডিগ্রি; অথবা<br>(২) দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী বিষয়সমূহে (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্ট্যাডিজ, আরবি, | সহকারী মৌলভী/ ইবতেদায়ি প্রধান/স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসার প্রধান শিক্ষক পদে ০৮ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা। | গ্রেড-৮ ২৩০০০-৫৫৪৭০/- |

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অভিজ্ঞতা ও চাকুরীতে প্রবেশের বয়সসীমা | বেতন স্কেল ও গ্রেড |
|---|---|---|---|---|
| | | আরবি ভাষা ও সাহিত্য, ইসলামিক স্টাডিজসহ অন্যান্য) স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী। | | |
| ২২। | সহকারী মৌলভী (আল কুরআন/আল হাদিস/আরবি/ফিকহ্/ আকাইদ/দাওয়া) | (১) বিএমএড ডিগ্রীসহ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কামিল ডিগ্রি অথবা দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী বিষয়সমূহে (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্ট্যাডিজ, আরবী, আরবী ভাষা ও সাহিত্য, ইসলামিক স্টাডিজসহ অন্যান্য) ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা ৩ বছর মেয়াদী স্নাতক (সম্মান)সহ স্নাতকোত্তর ডিগ্রী।<br><br>২) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কামিল ডিগ্রি অথবা দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী বিষয়সমূহে (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্ট্যাডিজ, আরবী, আরবী, আরবী ভাষা ও সাহিত্য, ইসলামিক স্টাডিজসহ অন্যান্য) ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী অথবা ৩ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রী। | সর্বোচ্চ ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)। | (১) গ্রেড-১০ ১৬০০০-৩৮৬৪০/-<br><br>(২) গ্রেড-১১ ১২৫০০-৩০২৩০/- |
| ২৩। | সহকারী মৌলভী (ক্বারী) | (১) রেজিষ্ট্রেশনকৃত নুরানী/দরসে কিরাআহ/হাফিজে কুরআন/দাখিল মুজাব্বিদ / আলিম মুজাব্বিদ-মাহিরসহ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ফাযিল ডিগ্রি;<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন একটিতে ৩য় বিভাগ বা শ্রেণী গ্রহণযোগ্য হবে। | সর্বোচ্চ ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)। | (১) গ্রেড-১১ ১২৫০০-৩০২৩০/-<br><br>(২) আলিম মুজাব্বিদসহ ফাযিল সনদধারী হলে- গ্রেড-১০ ১৬০০০-৩৮৬৪০/- |
| ২৪। | সহকারী শিক্ষক (সামাজিক বিজ্ঞান) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সমাজবিজ্ঞান/ইতিহাস/ইসলামের ইতিহাস/ দর্শন/ মনোবিজ্ঞান/ অর্থনীতি/ রাষ্ট্রবিজ্ঞান/ সমাজকল্যাণ/ সমাজকর্ম/ নৃ-বিজ্ঞান/ লোক প্রশাসন/ আন্তর্জাতিক সম্পর্ক/ ভূগোল ও পরিবেশ বিষয়ে স্নাতক | অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১১ ১২৫০০-৩০২৩০/- |

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অভিজ্ঞতা ও চাকুরীতে প্রবেশের বয়সসীমা | বেতন স্কেল ও গ্রেড |
|---|---|---|---|---|
| | | ডিগ্রি/সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।<br><br>সমগ্র শিক্ষাজীবনে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | | |
| ২৫। | সহকারী শিক্ষক (গণিত) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ে ন্যূনতম ৩০০ নম্বরের গণিতসহ বিজ্ঞান বিভাগে কোর্সে স্নাতক ডিগ্রি / সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।<br><br>সমগ্র শিক্ষাজীবনে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১১<br>১২৫০০-৩০২৩০/- |
| ২৬। | সহকারী শিক্ষক (ভৌত বিজ্ঞান) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ৩০০ নম্বর পদার্থবিজ্ঞান/রসায়নসহ স্নাতক ডিগ্রি /সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।<br><br>সমগ্র শিক্ষাজীবনে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১১<br>১২৫০০-৩০২৩০/- |
| ২৭। | সহকারী শিক্ষক (জীব বিজ্ঞান) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রাণিবিজ্ঞান/উদ্ভিদ বিজ্ঞানসহ স্নাতক ডিগ্রি//সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।<br><br>সমগ্র শিক্ষাজীবনে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১১<br>১২৫০০-৩০২৩০/- |
| ২৮। | সহকারী শিক্ষক (বাংলা) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ের ন্যূনতম ৩০০ নম্বরের বাংলাসহ স্নাতক ডিগ্রি /সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।<br><br>সমগ্র শিক্ষাজীবনে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১১<br>১২৫০০-৩০২৩০/- |

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অভিজ্ঞতা ও চাকুরীতে প্রবেশের বয়সসীমা | বেতন স্কেল ও গ্রেড |
|---|---|---|---|---|
| ২৯। | সহকারী শিক্ষক (ইংরেজি) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক পর্যায়ের ন্যূনতম ৩০০ নম্বরের ইংরেজিসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।<br>সমগ্র শিক্ষাজীবনে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১১<br>১২৫০০-৩০২৩০/- |
| ৩০। | সহকারী শিক্ষক (ব্যবসায় শিক্ষা) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য/ ব্যাচেলর অব বিজনেস স্টাডিজ বিভাগে স্নাতক ডিগ্রি /সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।<br>সমগ্র শিক্ষাজীবনে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১১<br>১২৫০০-৩০২৩০/- |
| ৩১। | সহকারী শিক্ষক (কৃষি) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নিম্নের যেকোন একটি বিষয়সহ স্নাতক/সমমান থাকতে হবেঃ<br>কৃষি/ কৃষি অর্থনীতি/ মৎস্য/ পশুপালন/কৃষি প্রকৌশল/বনবিদ্যা/ পরিবেশ বিজ্ঞান/জেনেটিক ইঞ্জিনিয়ারিং/মৃত্তিকাবিজ্ঞান/ ডিভিএম/ উদ্ভিদবিদ্যা/ প্রাণিবিদ্যা<br>অথবা<br>ন্যূনতম ৩ (তিন) বছরের কৃষি ডিপ্লোমা/ সমমান<br>অথবা<br>সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।<br>সমগ্র শিক্ষাজীবনে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১১<br>১২৫০০-৩০২৩০/- |
| ৩২। | সহকারী শিক্ষক (গার্হস্থ্য বিজ্ঞান) | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ স্নাতক ডিগ্রি /সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।<br>সমগ্র শিক্ষাজীবনে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১১<br>১২৫০০-৩০২৩০/- |

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অভিজ্ঞতা ও চাকুরীতে প্রবেশের বয়সসীমা | বেতন স্কেল ও গ্রেড |
|---|---|---|---|---|
| ৩৩। | সহকারী শিক্ষক (শারীরিক শিক্ষা/শরীরচর্চা) | ১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি /সমমান ও বিপিএড ডিগ্রি / কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক ১ (এক) বছর মেয়াদী অ্যাডভান্স সার্টিফিকেট কোর্স ইন ফিজিক্যাল এডুকেশন কোর্স।<br>অথবা<br>২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ও জুনিয়র ফিজিক্যাল ডিপ্লোমা।<br>সমগ্র শিক্ষাজীবনে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি/জিপিএ/সিজিপিএ সমমান গ্রহণযোগ্য হবে না।<br>বালিকা বিদ্যালয় ও মহিলা কলেজে এ পদে শুধুমাত্র মহিলা প্রার্থীরাই আবেদনের যোগ্য হবেন। | অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | (১) গ্রেড-১০<br>১৬০০০-<br>৩৮৬৪০/-<br><br>(২) গ্রেড-১১<br>১২৫০০-<br>৩০২৩০/- |
| ৩৪। | সহকারী শিক্ষক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | ১। কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/তথ্য প্রযুক্তি/ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে স্নাতক/সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ন্যূনতম ৩ (তিন) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি ডিগ্রি।<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমান ও বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত প্রতিষ্ঠান হতে ১ (এক) বছর মেয়াদি অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স ইন কম্পিউটার টেকনোলজি।<br><br>২। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিজ্ঞান/তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়সহ স্নাতক ডিগ্রি/সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/সমমানসহ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে ১ (এক) বছর মেয়াদি পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা/ অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স ইন কম্পিউটার টেকনোলজি/ ডিপ্লোমা ইন কম্পিউটার অপারেশন কোর্স | অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | (১) গ্রেড-১০<br>১৬০০০-<br>৩৮৬৪০/-<br><br>(২) গ্রেড-১১<br>১২৫০০-<br>৩০২৩০/- |

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অভিজ্ঞতা ও চাকুরীতে প্রবেশের বয়সসীমা | বেতন স্কেল ও গ্রেড |
|---|---|---|---|---|
| | | সমগ্র শিক্ষাজীবনে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | | |
| ৩৫। | সহকারী শিক্ষক (গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান)/ সহকারী গ্রন্থাগারিক | ১) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে গ্রন্থাগার ও তথ্য বিজ্ঞান বিষয়সহ স্নাতক ডিগ্রি /সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>২) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রি/ সমমানসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।<br>সমগ্র শিক্ষাজীবনে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১০<br>১৬০০০-৩৮৬৪০/- |
| ৩৬। | ট্রেড ইনস্ট্রাক্টর | (১) কোন স্বীকৃত বোর্ড হতে সংশ্লিষ্ট ট্রেডে ন্যূনতম ২য় বিভাগে (সমমান সিজিপিএ) ডিপ্লোমা ইন-ইঞ্জিনিয়ারিং/ডিপ্লোমা-ইন টেকনিক্যাল এডুকেশন/ ডিপ্লোমা-ইন ভোকেশনাল এডুকেশন/কৃষি ডিপ্লোমা (তিন অথবা চার বছর মেয়াদী)। | সর্বোচ্চ ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য)। | গ্রেড-১০<br>১৬০০০-৩৮৬৪০/- |
| ৩৭। | প্রদর্শক (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) | কম্পিউটার বিজ্ঞান/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/তথ্য প্রযুক্তি / তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে স্নাতক ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।<br>অথবা<br>বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে ন্যূনতম ৩ (তিন) বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-কম্পিউটার সায়েন্স এন্ড টেকনোলজি ডিগ্রি।<br>সমগ্র শিক্ষাজীবনে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১০<br>১৬০০০-৩৮৬৪০/- |
| ৩৮। | প্রদর্শক | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়সহ ২য় শ্রেণির স্নাতক ডিগ্রি/সমমান অথবা সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক (সম্মান)/ সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি।<br>বর্ণিত সর্বশেষ ডিগ্রি ব্যতীত সমগ্র শিক্ষাজীবনে ১ (এক) টির বেশি ৩য় বিভাগ/ শ্রেণি/ জিপিএ/ সিজিপিএ সমমান গ্রহণযোগ্য হবে না। | অনূর্ধ্ব ৩৫ বছর (সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১০<br>১৬০০০-৩৮৬৪০/- |

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অভিজ্ঞতা ও চাকুরীতে প্রবেশের বয়সসীমা | বেতন স্কেল ও গ্রেড |
|---|---|---|---|---|
| ৩৯। | ইবতেদায়ি প্রধান | ১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ফাজিল ডিগ্রি।<br>অথবা<br>(২) দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী বিষয়সমূহে (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্ট্যাডিজ, আরবী, আরবি ভাষা ও সাহিত্য, ইসলামিক স্টাডিজ সহ অন্যান্য) স্নাতক (সম্মান) ডিগ্রী। | ইবতেদায়ি মৌলভী/ ইবতেদায়ি শিক্ষক (ফাযিল সনদধারী) /ইবতেদায়ি ক্বারী পদে ০৮ (আট) বছরের অভিজ্ঞতা। | গ্রেড-১১<br>১২৫০০-৩০২৩০/- |
| ৪০। | ইবতেদায়ি মৌলভী | ১) বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড অথবা কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ফাজিল ডিগ্রি।<br>অথবা<br>(২) দাখিল ও আলিমসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আরবী বিষয়সমূহে (আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল হাদিস অ্যান্ড ইসলামিক স্টাডিজ, দা'ওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ, আল ফিকহ অ্যান্ড ইসলামিক স্ট্যাডিজ, আরবী, আরবি ভাষা ও সাহিত্য, ইসলামিক স্টাডিজ সহ অন্যান্য) স্নাতক (সম্মান) ডিগ্রী।<br>(৩) পূর্বের নিয়োগকৃতরা কাঙ্খিত যোগ্যতা অর্জন সাপেক্ষে ১৩ গ্রেড প্রাপ্ত হবেন।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন ১টি ৩য় বিভাগ বা শ্রেণী গ্রহণযোগ্য হবে।<br>(৪) পূর্বের নিয়োগকৃতরা কাঙ্খিত যোগ্যতা অর্জন সাপেক্ষে ১৩ গ্রেড প্রাপ্ত হবেন।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন একটিতে ৩য় বিভাগ বা শ্রেণী গ্রহণযোগ্য হবে। | সর্বোচ্চ ৩৫ বছর (তবে ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- |
| ৪১। | ইবতেদায়ি শিক্ষক | ১) সরকার স্বীকৃত কোনো বিশ্ববিদ্যালয় হতে/ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড হতে ফাযিল/সমমান ডিগ্রি।<br>(২) পূর্বের নিয়োগকৃতরা কাঙ্খিত যোগ্যতা অর্জন সাপেক্ষে ১৩ গ্রেড প্রাপ্ত হবেন।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন একটিতে ৩য় বিভাগ বা শ্রেণী গ্রহণযোগ্য হবে। | সর্বোচ্চ ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- |
| ৪২। | ইবতেদায়ি ক্বারী | (১) রেজিষ্ট্রেশনকৃত নুরানী/দরসে কিরাআত/হাফিজে কুরআন/দাখিল মুজাব্বিদ/ আলিম মুজাব্বিদ-মাহিরসহ ফাযিল ডিগ্রি;<br>(২) পূর্বের নিয়োগকৃতরা কাঙ্খিত যোগ্যতা অর্জন সাপেক্ষে ১৩ গ্রেড প্রাপ্ত হবেন;<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন একটিতে ৩য় বিভাগ বা শ্রেণী গ্রহণযোগ্য হবে। | সর্বোচ্চ ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- |

| ক্রমিক নং | পদের নাম | নিয়োগের জন্য শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) | অভিজ্ঞতা ও চাকুরীতে প্রবেশের বয়সসীমা | বেতন স্কেল ও গ্রেড |
|---|---|---|---|---|
| ৪৩। | অফিস সহকারী কাম হিসাব সহকারী | (১) সরকার স্বীকৃত কোনো বোর্ড হতে আলিম/এইচএসসি/সমমান এবং<br>(২) বাংলা, ইংরেজি বিষয়ে কম্পিউটার অপারেটিং-এ দক্ষতা থাকতে হবে।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন একটিতে ৩য় বিভাগ বা শ্রেণী গ্রহণযোগ্য হবে। | সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/- |
| ৪৪। | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | (১) সরকার স্বীকৃত কোনো বোর্ড হতে আলিম/এইচএসসি/সমমান এবং<br>(২) বাংলা, ইংরেজি এবং আরবি বিষয়ে কম্পিউটার অপারেটিং-এ দক্ষতা থাকতে হবে।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন একটিতে ৩য় বিভাগ বা শ্রেণী গ্রহণযোগ্য হবে। | সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/- |
| ৪৫। | কম্পিউটার ল্যাব অপারেটর | (১) সরকার স্বীকৃত কোনো বোর্ড হতে কম্পিউটার/তথ্য ও যোগাযোগ প্রযুক্তিসহ আলিম/এইচ.এস.সি/সমমান; অথবা<br>(২) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে সমমানের ডিগ্রি এবং<br>(৩) কম্পিউটার অপারেটিং-দক্ষতা থাকতে হবে।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন একটিতে ৩য় বিভাগ বা শ্রেণী গ্রহণযোগ্য হবে। | সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/- |
| ৪৬। | ট্রেড এসিস্ট্যান্ট | (১) কোন স্বীকৃত বোর্ড হতে সংশ্লিষ্ট ট্রেডে এইচএসএসসি (ভোকেশনাল)/ (ব্যাবসায় ব্যবস্থাপনা) ২য় বিভাগ (সমমান সিজিপিএ)<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন একটিতে ৩য় বিভাগ বা শ্রেণী গ্রহণযোগ্য হবে। | সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১৬ ৯৩০০-১১৪৯০/- |
| ৪৭। | ল্যাব সহকারী | (১) সরকার স্বীকৃত কোনো বোর্ড হতে বিজ্ঞান বিভাগে আলিম/এইচ.এস.সি/ সমমান;<br>(২) পূর্বের নিয়োগকৃতরা কাঙ্খিত যোগ্যতা অর্জন সাপেক্ষে ১৬ গ্রেড প্রাপ্ত হবেন।<br>সমগ্র শিক্ষা জীবনে যে কোন একটিতে ৩য় বিভাগ বা শ্রেণী গ্রহণযোগ্য হবে। | সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-১৬ ৯৩০০-২২৪৯০/- |
| ৪৮। | অফিস সহায়ক/নিরাপত্তা কর্মী/ নৈশ প্রহরী/ পরিচ্ছন্নতা কর্মী | (১) জে.ডি.সি/জে.এস.সি/ কওমী মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক সমমান। | সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-২০ ৮২৫০-২০০১০/- |
| ৪৯। | আয়া | (১) জে.ডি.সি/জে.এস.সি/ কওমী মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক সমমান। | সর্বনিম্ন ১৮ বছর এবং সর্বোচ্চ ৩৫ বছর (তবে সমপদের ইনডেক্সধারীদের জন্য বয়সসীমা শিথিলযোগ্য) | গ্রেড-২০ ৮২৫০-২০০১০/- |

## পরিশিষ্ট-"ঙ"

**নতুন এমপিওভুক্তি (ব্যক্তির) ও অন্যান্য বিষয়াদির আবেদনের জন্য দাখিলযোগ্য আব্যশকীয় সনদ ও রেকর্ডপত্রের তালিকা**

**ক। নতুন (ব্যক্তির) এমপিও এর জন্য (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নকৃত/সত্যায়িত):**

১. আবেদন (প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে বিস্তারিত এবং সভাপতি ও প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরযুক্ত ফোন নম্বর/মোবাইল নম্বর উল্লেখসহ প্রেরণ করতে হবে)।
২. শিক্ষাগত যোগ্যতার সকল সনদ ও নম্বর পত্রেরকপি।
৩. NTRCA নিবন্ধন সনদ (প্রযোজ্য ক্ষেত্রে প্রশিক্ষণ সনদপত্রসহ) ছবিযুক্ত সুপারিশপত্র।
৪. অভিজ্ঞতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)।
৫. পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির সকল কপি।
৬. নিয়োগপত্র ও যোগদানপত্র।
৭. নিয়োগ পরীক্ষার মূল্যায়ন পত্র (প্রযোজ্য ক্ষেত্রে) ।
৮. নিয়োগ ও যোগদান অনুমোদনের রেজুলেশন।
৯. ডিজি/বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি মনোনয়নের চিঠি ((প্রযোজ্য ক্ষেত্রে) ।
১০. প্রথম ও সর্বশেষ স্বীকৃত ও অধিভুক্তি পত্রের কপি।
১১. সর্বশেষ বেতন বিলের কপি।
১২. প্রতিষ্ঠানের প্রথম ও সর্বশেষ এমপিও কপি।
১৩. পূর্ব প্রতিষ্ঠানের ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
১৪. প্রতিষ্ঠান এমপিওভুক্তির আদেশের কপি (দাখিল/আলিম/ফাযিল/কামিল)।
১৫. শিক্ষক কর্মচারীর তালিকা।
১৬. শিক্ষার্থীর সংখ্যা সংক্রান্ত তালিকা (শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় প্রদত্ত প্রিন্ট আউট কপি)।
১৭. বিষয়/বিভাগভিত্তিক ছাত্র-ছাত্রীর তালিকা।
১৮. গ্রন্থাগার সংক্রান্ত তথ্য (সহকারী গ্রন্থগারিকের ক্ষেত্রে প্রযোজ্য)।
১৯. বিজ্ঞানাগার সংক্রান্ত তথ্য (প্রদর্শক/গবেষণাগার সহকারী/ল্যাব সহকারীর ক্ষেত্রে প্রযোজ্য)।
২০. কম্পিউটার ল্যাব সংক্রান্ত তথ্য (কম্পিউটার ল্যাব অপারেটরের ক্ষেত্রে প্রযোজ্য)।
২১. আলিম শ্রেণিতে বিজ্ঞান ও কম্পিউটার শাখা খোলার অনুমতি পত্র (অনুমোদন থাকলে)।
২২. মৃত্যুবরণ/অবসর/ পদত্যাগ/চাকরীচ্যুত শিক্ষক-কর্মচারীর তালিকা সংক্রান্ত কাগজপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) এবং রেজুলেশন।
২৩. সর্বশেষ নিয়মিত গভর্নিং বডির ম্যানেজিং কমিটির/আদেশের কপি।
২৪. জাতীয় পরিচয় পত্রের কপি।
২৫. ব্যাংক হিসাব খোলার ব্যাংক কর্তৃক প্রদত্ত প্রমাণক।
২৬. নির্ধারিত ফরমে ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (সভাপতি, প্রতিষ্ঠান প্রধান ও আবেদনকারীর স্বাক্ষরসহ)।

**খ। বি এড/ বি এম এড স্কেলের জন্য (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নকৃত/সত্যায়িত):**

১. আবেদন (প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে বিস্তারিত এবং সভাপতি ও প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরযুক্ত ফোন নম্বর/মোবাইল নম্বর উল্লেখসহ প্রেরণ করতে হবে)।
২. শিক্ষাগত যোগ্যতার সকল সনদ ও নম্বর পত্র।
৩. পেশাগত ও অভিজ্ঞতা সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
৪. বিএড/বিপিএড/বিএমএড সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
৫. নিয়োগপত্র ও যোগদান পত্র।
৬. আবেদনকারীর প্রথম ও সর্বশেষ এমপিও কপি।
৭. শিক্ষক/কর্মচারির স্বাক্ষরযুক্ত তালিকা।
৮. সর্বশেষ নিয়মিত গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির আদেশের কপি।
৯. গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটির রেজুলেশন।
১০. নির্ধারিত ফরমে ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (সভাপতি, প্রতিষ্ঠান প্রধান ও আবেদনকারীর স্বাক্ষরসহ)।

**গ। উচ্চতর গ্রেড এর জন্য (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নকৃত/সত্যায়িত):**

১. আবেদন (প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে বিস্তারিত এবং সভাপতি ও প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরযুক্ত ফোন নম্বর/মোবাইল নম্বর উল্লেখসহ প্রেরণ করতে হবে)।
২. গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির রেজুলেশন।
৩. পেশাগত সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)।
৪. নিয়োগপত্র ও যোগদানপত্র।
৫. যোগদান অনুমোদনের রেজুলেশন।
৬. শিক্ষাগত যোগ্যতার সকল সনদ ও নম্বর পত্রেরকপি।
৭. আবেদনকারীর প্রথম ও সর্বশেষ এমপিও কপি।
৮. আবেদনকারীর বর্তমান বেতন কোডের এমপিও কপি।
৯. নির্ধারিত ফরমে ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (সভাপতি, প্রতিষ্ঠান প্রধান ও আবেদনকারীর স্বাক্ষরসহ)।

**ঘ। বদলি/পুন: নিয়োগ এর জন্য(প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নকৃত/সত্যায়িত):**

১. আবেদন (প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে বিস্তারিত এবং সভাপতি ও প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরযুক্ত ফোন নম্বর/মোবাইল নম্বর উল্লেখসহ প্রেরণ করতে হবে)।
২. শিক্ষক কর্মচারীর তালিকা।
৩. শিক্ষাগত যোগ্যতার সকল সনদ ও নম্বরপত্র।
৪. পেশাগত ও অভিজ্ঞতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)।
৫. ডিজি/বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি মনোনয়নের পত্রের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
৬. পত্রিকায় প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির সকল কপি।
৭. নিয়োগপত্র ও যোগদানপত্র।
৮. আবেদনকারীর প্রথম ও সর্বশেষ এমপিও কপি।
৯. নিয়োগ পরীক্ষার মূল্যায়ন পত্র (নম্বর পত্র) (প্রযোজ্য ক্ষেত্রে)।
১০. নিয়োগ ও যোগদান অনুমোদনের রেজুলেশন।
১১. সর্বশেষ নিয়মিত গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির আদেশের কপি।
১২. প্রতিষ্ঠানের প্রথম ও সর্বশেষ এমপিও কপি।
১৩. সর্বশেষ বেতন বিলের কপি।
১৪. সর্বশেষ স্বীকৃত ও অধিভুক্তি পত্রের কপি।
১৫. ব্যাংক হিসাব খোলার ব্যাংক সনদের কপি।
১৬. ব্যাংক নন-ড্রয়াল সনদ।
১৭. পূর্ব প্রতিষ্ঠানের ছাড়পত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
১৮. নির্ধারিত ফরমে ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (সভাপতি, প্রতিষ্ঠান প্রধান ও আবেদনকারীর স্বাক্ষরসহ)।
১৯. সংশিষ্ট বিষয়ে শূণ্য পদ আছে মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র।

**ঙ। পদোন্নতি এর জন্য (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নকৃত/সত্যায়িত):**

১. আবেদন (প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে বিস্তারিত এবং সভাপতি ও প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরযুক্ত ফোন নম্বর/মোবাইল নম্বর উল্লেখসহ প্রেরণ করতে হবে)।
২. শিক্ষাগত যোগ্যতার সকল সনদ ও নম্বরপত্র।
৩. অন্যান্য সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)
৪. পেশাগত সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)
৫. নিয়োগপত্র ও যোগদানপত্র।
৬. আবেদনকারীর প্রভাষক পদে প্রথম ও সর্বশেষ এমপিও কপি।
৭. আবেদনকারীর বর্তমান বেতন কোডের এমপিও কপি।
৮. শিক্ষক কর্মচারীর জ্যেষ্ঠতার তালিকা (প্রথম এমপিও, পদবি ও জন্মতারিখসহ প্রথম যোগদানের তারিখ উল্লেখপূর্বক)
৯. অভিজ্ঞতা সনদ (প্রযোজ্য ক্ষেত্রে)

১০. চাকুরির ধারাবাহিকতার সনদ।
১১. সর্বশেষ স্বীকৃত ও অধিভুক্তি পত্রের কপি।
১২. সর্বশেষ নিয়মিত গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির আদেশের কপি।
১৩. গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটির রেজুলেশন।
১৪. নির্ধারিত ফরমে ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (সভাপতি, প্রতিষ্ঠান প্রধান ও আবেদনকারীর স্বাক্ষরসহ)।

**চ। বকেয়ার জন্য(প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নকৃত/সত্যায়িত):**

১. আবেদন (প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে বিস্তারিত এবং সভাপতি প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরযুক্ত ফোন নম্বর/মোবাইল নম্বর উল্লেখসহ প্রেরণ করতে হবে)।
২. নিয়োগপত্র ও যোগদানপত্র।
৩. পূর্বের প্রতিষ্ঠানের/পদের সর্বশেষ এমপিও কপি, ব্যাংক নন-ড্রয়াল সনদ ও ব্যাংক স্টেটমেন্ট।
৪. বর্তমান প্রতিষ্ঠানের/পদের প্রথম এমপিও কপি, ব্যাংক নন-ড্রয়াল সনদ ও ব্যাংক স্টেটমেন্ট।
৫. পূর্বের ও বর্তমান প্রতিষ্ঠানের সর্বশেষ বেতন বিলের কপি।
৬. গভর্নিং বডি/ম্যানেজিং কমিটির রেজুলেশন।
৭. নির্ধারিত ফরমে ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (সভাপতি, প্রতিষ্ঠান প্রধান ও আবেদনকারীর স্বাক্ষরসহ)।

**ছ। ইনডেক্স কর্তন এর জন্য (প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রত্যয়নকৃত/সত্যায়িত):**

১. আবেদন (প্রতিষ্ঠানের নিজস্ব প্যাডে বিস্তারিত এবং সভাপতি ও প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষরযুক্ত ফোন নম্বর/মোবাইল নম্বর উল্লেখসহ প্রেরণ করতে হবে)।
২. শিক্ষক কর্মচারীর তালিকা (স্বাক্ষরযুক্ত)।
৩. প্রতিষ্ঠানের প্রথম ও সর্বশেষ এমপিও কপি।
৪. সর্বশেষ নিয়মিত গভর্নিং বডি /ম্যানেজিং কমিটির আদেশের কপি।
৫. গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটির রেজুলেশন।
৬. মৃত্যু সনদ/পদত্যাগপত্রের মূল কপি।
৭. আপীল এ্যান্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তকরণের অনুমোদনপত্র।
৮. ব্যাংক ননড্রয়াল সনদ ও ব্যাংক স্টেটমেন্ট।
৯. নির্ধারিত ফরমে ৩০০ টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা (সভাপতি, প্রতিষ্ঠান প্রধান ও আবেদনকারীর স্বাক্ষরসহ)